আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
••••••••••••••••••
আমার পক্ষ থেকে তুমি তাকে কবুল করে নাও, নিশ্চয়ই তুমি শ্রবণকারী, সর্বজ্ঞাত।
সূরা আল ইমরান- ৩৫

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত সোপান
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

বরিশাল ॥ সোমবার ॥ ২০ এপ্রিল ২০২৬ ॥ ০১ জিলক্বদ ১৪৪৭ ॥ ০৭ বৈশাখ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩২৮ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



গৃহকর্মীর নাম নিবন্ধন বাধ্যতামূলক করতে হাইকোর্টের রুল

কীর্তনখোলা ডেস্ক
গৃহকর্মীদের নাম নিবন্ধন বাস্তবায়নের নিষ্ক্রিয়তা কেন অবৈধ ও বেআইনি ঘোষণা করা হবে না এবং অর্ডিন্যান্স অনুযায়ী ২ এর পাতায় দেখুন

আইএমএফের সঙ্গে তেলের দাম বাড়ানোর কোনো সম্পর্ক নেই

কীর্তনখোলা ডেস্ক
আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) সঙ্গে জ্বালানি তেলের দাম বাড়ানোর কোনো সম্পর্ক নেই বলে জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

সংবাদপত্রে ১০ম ওয়েজ বোর্ড গঠনের কার্যক্রম শুরু শিগগির

কীর্তনখোলা ডেস্ক
সংবাদপত্রে খুব শিগগির ১০ম ওয়েজ বোর্ড গঠনের কার্যক্রম শুরু করা হবে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির ২ এর পাতায় দেখুন

সারাদেশে চাঁদাবাজি-দুর্নীতি-সন্ত্রাসে ছেয়ে যাচ্ছে

কীর্তনখোলা ডেস্ক
সারাদেশে চাঁদাবাজি, দুর্নীতি ও সন্ত্রাস ছেয়ে যাচ্ছে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ২ এর পাতায় দেখুন

বাড়ছে হামের প্রকোপ
বরিশালে মারা গেছে ১৯ জন শয্যা সংকটে হাসপাতালগুলো

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল বিভাগে হামে আক্রান্তের সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে মৃতের সংখ্যা। এ পর্যন্ত মারা গেছে ১৯ জন। আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে দেড় হাজারের বেশি শিশু। উন্নত চিকিৎসার জন্য উপজেলা থেকে রোগীদের আনা হচ্ছে বরিশাল মেডিকেলে। এক বেডে একাধিক রোগী রাখার অভিযোগ রোগীর স্বজনদের। কর্তৃপক্ষ বলছে, রোগীর চাপ বেশি হওয়ায় শয্যা সংকট থাকলেও চিকিৎসা দেয়া হচ্ছে সবাইকে। বরিশাল বিভাগে নতুন করে হাম আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। নতুন করে ৯২ জন শিশু হামে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিচ্ছে। এরমধ্যে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ৪২ জন শিশু রোগী ভর্তি হয়েছে। বরিশাল মেডিকেলের শিশু বিভাগে বেডের সংখ্যা ৭০টি। এর মধ্যে হামের জন্য নির্ধারিত বেডের সংখ্যা ৩০টি। বর্তমানে রোগীর সংখ্যা তিন থেকে চার গুন বেড়েছে। ১৮ এপ্রিল ৩০টি বেডে রোগী ছিলো ১৪৯ জন। বরিশালসহ আশে পাশের আরও ৫ বা ৬ জেলা থেকে হামে আক্রান্ত রোগীদেরকে এই হাসপাতালে নিয়ে আসছেন অভিভাবকরা। বর্তমানে হামে আক্রান্তের সংখ্যা বাড়ার কারণে প্রতি বেডে একাধিক রোগী রাখার পরও অনেকের জায়গা হচ্ছে মেঝেতে। স্বজনদের অভিযোগ, হাম ছোঁয়াচে রোগ। এক বেডে তিনজন রাখলে সুচিকিৎসা কিভাবে সম্ভব হাসপাতালের সহকারী পরিচালক জানান, হাম রোগীর সংখ্যা যে কোন সময়ের চেয়ে এখন বেশি। সরকারী হাসপাতাল হওয়ায় সকল রোগীকেই ভর্তি করা হচ্ছে। আর বরগুনা জেলায় হামের রোগী বেশি বলে জানান বিভাগীয় স্বাস্থ্য কর্মকর্তা। শেবাচিমের সহকারী পরিচালক ডা. আবদুল মুনয়েম সাদ বলেন, 'যদি ইমিউনিটি কম থাকে তাহলে যেকোনো অসুখ বেশি পরিমাণে আক্রমণ করে।' বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. শ্যামল কৃষ্ণ মন্ডল বলেন, 'আতঙ্কিত না হয়ে নরমাল খাবার চালিয়ে যাওয়া। সম্ভব হলে একটা ভিটামিন এ দেয়া। এছাড়া ঘরোয়া চিকিৎসা সম্ভব?' রোগ ২ এর পাতায় দেখুন

সর্বোচ্চ মান বজায় রেখে হজযাত্রীদের জন্য প্রস্তুত পবিত্র কাবা

কীর্তনখোলা ডেস্ক
বিশ্বের সর্বোচ্চ প্রকৌশল ও কারিগরি মান বজায় রেখে পবিত্র কাবা শরীফ এবং হিজরে ইসমাইলের নিয়মিত রক্ষণাবেক্ষণ কাজ সম্পন্ন হয়েছে। মক্কার মসজিদুল হারাম ও মদিনার মসজিদে নববী বিষয়ক সাধারণ কর্তৃপক্ষ এই তথ্য নিশ্চিত করেছে। অত্যন্ত সুক্ষ্ম ও সুপরিকল্পিতভাবে এই কাজ পরিচালনা করা হয়েছে যেন ওমরাহ পালনকারী ও দর্শনার্থীদের স্বাভাবিক ইবাদত-বন্দেগিতে কোনো বিঘ্ন না ঘটে। কর্তৃপক্ষ জানিয়েছে, এবারের রক্ষণাবেক্ষণ কাজে প্রায় ৪ হাজার ৭০০ শ্রম-ঘণ্টা ব্যয় হয়েছে। পুরো প্রক্রিয়াটি ৩১টি প্রধান ২ এর পাতায় দেখুন

১২ কেজির গ্যাস সিলিন্ডারে ১৮ দিনে বাড়লো ৬০০ টাকা

কীর্তনখোলা ডেস্ক
চলতি মাসের জন্য গত ২ এপ্রিল ভোক্তাপর্যায়ে বেসরকারি খাতের তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম সমন্বয় করেছিল বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। তখন ১২ কেজির এলপিজি সিলিন্ডার এক হাজার ৩৪১ টাকা থেকে বাড়িয়ে এক হাজার ৭২৮ টাকা করা হয়েছিল। ভোক্তাপর্যায়ে ১২ কেজির সিলিন্ডারে দাম বেড়েছিল ৩৮৭ টাকা। রোববার (১৯ এপ্রিল) এক মাসেই দ্বিতীয়বারের মতো ২ এর পাতায় দেখুন

চার দফা দাবিতে মহাসড়ক অবরোধ ববি শিক্ষার্থীদের

কীর্তনখোলা রিপোর্ট
চার দফা দাবিতে দুই ঘণ্টা মহাসড়ক অবরোধ করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) শিক্ষার্থীরা। তেলবাহী গাড়ির চাপায় বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী গুরুতর আহত হওয়াকে কেন্দ্র করে রোববার (১৯ এপ্রিল) দুপুরে ববিসংলগ্ন বরিশাল-কুয়াকাটা মহাসড়ক অবরোধ করা হয়। এতে সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায় এবং সৃষ্টি হয় দীর্ঘ যানজট। ত্রিপক্ষীয় বৈঠক শেষে বিকেল ৪টার দিকে শিক্ষার্থীরা মহাসড়ক থেকে সরে যান। জানা গেছে, শনিবার একটি তেলবাহী গাড়ির চাপায় বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের এক শিক্ষার্থী গুরুতর আহত হন। তাঁর নাম তামিম হোসেন। তিনি শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি আছেন। আন্দোলনরত শিক্ষার্থীরা বেলা ২টা থেকে মহাসড়ক বন্ধ করে দিয়ে চার দফা দাবি জানান। দাবিগুলো হলো ২ এর পাতায় দেখুন

লঞ্চ থেকে পড়ে যাওয়া বৃদ্ধাকে উদ্ধার করে প্রশংসায় ভাসছেন যুবক

পটুয়াখালী প্রতিনিধি
ঢাকা থেকে পটুয়াখালীগামী সুন্দরবন-৯ লঞ্চের তাৎক্ষণিক উদ্যোগ ও এক যাত্রীর সাহসিকতায় নদীতে পড়ে যাওয়া এক বৃদ্ধাকে জীবিত উদ্ধার করা হয়েছে। লঞ্চের মাস্টার জামাল জানান, রাতের বেলা হঠাৎ নদী থেকে 'বাঁচাও বাঁচাও' চিৎকার শুনতে পান তিনি। সঙ্গে সঙ্গে লঞ্চ থামিয়ে সার্চলাইটের মাধ্যমে চারপাশে খোঁজ শুরু করা হয়। এক পর্যায়ে দেখা যায়, বোরকা পরিহিত এক নারী নদীতে হাত নেড়ে সাহায্য চাইছেন। তখন দ্রুত লঞ্চ ঘুরিয়ে তার দিকে নেয়া হয়। এ সময় লঞ্চের এক সাহসী যাত্রী নিজের জীবনের ঝুঁকি নিয়ে নদীতে ঝাঁপ দেন। একই সঙ্গে লঞ্চ থেকে বয়া ফেলে দেয়া হয়। পরে ওই যাত্রীর সহায়তায় নারীকে বয়ার ভেতরে নিরাপদে নিয়ে আসা হয় এবং ধীরে ধীরে লঞ্চে তোলা হয়। প্রত্যক্ষদর্শী ২ এর পাতায় দেখুন

বাসের ধাক্কায় পথচারী নিহত
বাস আটক নিয়ে পুলিশের সাথে বিএনপি নেতার উত্তেজনা

গৌরনদী প্রতিনিধি
ঢাকা-বরিশাল মহাসড়ক পারাপারের সময় বেপরোয়া একটি বাসের ধাক্কায় মো. ইউনুস (৬০) নামের এক পথচারী নিহত হয়েছেন। শনিবার রাতে এই দুর্ঘটনা ঘটে। ঘটনার পর ঘাতক বাসটি আটক করতে গেলে গৌরনদী উপজেলা বিএনপির সদস্যসচিব জহির সাজ্জাদ হান্নান শরীফ ও তাঁর অনুসারীদের বিরুদ্ধে হাইওয়ে পুলিশের কাজে বাধা দেওয়ার অভিযোগ উঠেছে। এদিকে নিহত ব্যক্তির সুরতহাল প্রতিবেদন ছাড়াই মরদেহ ঘটনাস্থল থেকে থানায় পাঠিয়ে দেওয়ায় আইনি জটিলতায় পড়েছে ইউনুসের পরিবার। রোববার দুপুর পর্যন্ত তাঁর দাফন সম্পন্ন হয়নি। প্রত্যক্ষদর্শীরা জানান, শনিবার রাত ৮টার দিকে গৌরনদী উপজেলার আশোকাঠি হাসপাতালের সামনে রাস্তা পার হওয়ার সময় বরিশালগামী ফেমা পরিবহনের একটি বাস ইউনুসকে চাপা দেয়। স্থানীয় বাসিন্দারা তাঁকে উদ্ধার করে হাসপাতালে নিলে তিনি মারা যান। ইউনুস আগৈলঝাড়া উপজেলার সেরাল ২ এর পাতায় দেখুন

বিদ্যুৎ খাতে ভয়াবহ সংকট
বকেয়া বিল ও ঋণ ছাড়িয়েছে ৫২ হাজার কোটি টাকা

কীর্তনখোলা ডেস্ক
দেশের বিদ্যুৎ খাতের সামগ্রিক আর্থিক পরিস্থিতি নিয়ে চরম উদ্বেগ তৈরি হয়েছে। সরকারি ও বেসরকারি বিদ্যুৎ কেন্দ্রগুলোর বকেয়া বিল এবং ব্যাংকের কাছে ঋণের পরিমাণ বিশাল আকার ধারণ করেছে। গত ৯ এপ্রিল পর্যন্ত বিদ্যুৎ খাতে বকেয়া বিলের পরিমাণ দাঁড়িয়েছে ৫২ হাজার ৩০০ কোটি টাকারও বেশি। এর বাইরেও ব্যাংক খাতে বিদ্যুৎ কেন্দ্রগুলোর ঋণের বোঝা রয়েছে প্রায় ২ এর পাতায় দেখুন

৯ দফা দাবিতে নগরীতে ইজিবাইক-রিকশা শ্রমিকদের সমাবেশ

কীর্তনখোলা রিপোর্ট
সরকারের ১৮০ দিনের অগ্রাধিকার কর্মসূচির মধ্যে ব্যাটারিচালিত যানবাহনের বিআরটিএ স্বীকৃত লাইসেন্স, রেজিস্ট্রেশন, রুট পারমিট ও চালকদের প্রশিক্ষণসহ ৯ দফা দাবিতে বরিশালে সমাবেশ ও স্মারকলিপি পেশ করেছে রিকশা, ব্যাটারিচালিত রিকশা-ভ্যান ও ইজিবাইক সংগ্রাম পরিষদ। রোববার (১৯ এপ্রিল) সকাল ১১ টায় নগরীর অশ্বিনী কুমার হল চত্বরে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। পরে জেলা প্রশাসকের মাধ্যমে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় বরাবর স্মারকলিপি পেশ করা হয়। রিকশা, ব্যাটারি রিকশা-ইজিবাইক সংগ্রাম পরিষদ বরিশাল জেলা শাখার সংগঠক দুলাল মল্লিকের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন বাংলাদেশের ২ এর পাতায় দেখুন

বিষ পানে নবম শ্রেণির ছাত্রীর আত্মহত্যা

বোরহানউদ্দিন প্রতিনিধি
ভোলার বোরহানউদ্দিনে সুইটি রানী শিল নামের এক কিশোরীর লাশ উদ্ধার করেছে পুলিশ। রোববার সকালে উপজেলার বড়মানিকা ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের উত্তর বাটামারা এলাকা থেকে লাশটি উদ্ধার করা হয়। নিহত সুইটি রানী শিল (১৮) ওই এলাকার সঞ্চয় চন্দ্র শীলের মেয়ে। সে নবম শ্রেণি পর্যন্ত পড়াশোনা করেছিল বলে জানা গেছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে নিজ বাড়িতে বিষ পান করে অসুস্থ হয়ে পড়লে পরিবারের সদস্য ও স্থানীয় বাসিন্দারা তাকে উদ্ধার করে দৌলতখান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে কর্তব্যরত ২ এর পাতায় দেখুন

ডাকাতিকালে সংঘর্ষে ডাকাত নিহত বাড়ির মালিকসহ আহত ২

নাজিরপুর প্রতিনিধি
পিরোজপুরের নাজিরপুর উপজেলার কলারদোয়ানিয়া গ্রামে গভীর রাতে ডাকাতির ঘটনাকে কেন্দ্র করে সংঘর্ষে এক ডাকাত নিহত হয়েছে। এ ঘটনায় গুরুতর আহত হয়েছেন বাড়ির মালিক উজ্জ্বল বাহাদুর (৫১) ও তার ছেলে মিশকাফ বাহাদুর (১৯)। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, শনিবার (১৮ এপ্রিল) দিনগত রাত ২টার দিকে ৭ জনের একটি ডাকাত দল ডাকাতির উদ্দেশ্যে উজ্জ্বল বাহাদুরের বাড়িতে প্রবেশ করে। এসময় তারা বাড়ির মালিককে ধারালো অস্ত্র দিয়ে আক্রমণ করলে পরিবারের সদস্যরা প্রতিরোধ গড়ে তোলে। একপর্যায়ে উভয় পক্ষের মধ্যে ধস্তাধস্তি ও কোপাকুপির ঘটনা ঘটে। এ খবর এলাকায় ছড়িয়ে পড়লে স্থানীয় লোকজন এগিয়ে আসতে শুরু করে। এতে ডাকাত দলের বাকি ৬ সদস্য ফাঁকা গুলি ছুড়ে ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। সংঘর্ষে এক ডাকাত ঘটনাস্থলেই গুরুতর আহত হয়। পরে আহতদের উদ্ধার করে নাজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ওই ২ এর পাতায় দেখুন

ককটেল ও বিস্ফোরক মামলায় ক্যাডার কামাল গ্রেফতার

দশমিনা প্রতিনিধি
পটুয়াখালীর দশমিনা উপজেলায় ককটেল ও বিস্ফোরকদ্রব্য সংক্রান্ত এক মামলায় যুবলীগ নেতা কামাল হাওলাদার ওরপে ক্যাডার কামাল-কে গ্রেফতার করেছে থানা পুলিশ। শনিবার (১৮ এপ্রিল) সন্ধ্যায় দশমিনা উপজেলার সদর ইউনিয়নের পূজাখোলা এলাকায় নিজ বাসা থেকে তাকে আটক করা হয়। পুলিশ সূত্রে জানা যায়, গ্রেফতারকৃত ক্যাডার কামাল উপজেলা যুবলীগের সাবেক প্রচার ও প্রকাশনা সম্পাদক। তিনি সংশ্লিষ্ট মামলার এজাহারভুক্ত আসামি। মামলার বিবরণে উল্লেখ করা হয়, ২০২২ সালের ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেনঃ বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুনঃ
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

মঠবাড়িয়ায় ভূয়া হৃদরোগ বিশেষজ্ঞ গ্রেপ্তার

মঠবাড়িয়া প্রতিনিধি
পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলায় হৃদরোগ বিশেষজ্ঞ পরিচয়ে দীর্ঘ দিন সাধারণ মানুষের সঙ্গে প্রতারণা করে বিভিন্ন ক্লিনিকে চিকিৎসা দেওয়া এক ভূয়া ডাক্তারকে দুই বছর বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। রোববার পৌর শহরের দক্ষিণ বন্দর গোডাউন সংলগ্ন এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। এ সময় নিজের আসল পরিচয় লুকাতে ওই ব্যক্তি বারবার নাম পরিবর্তন করছেন এবং নিজের জাতীয় পরিচয়পত্র (NID) দেখাতে অস্বীকৃতি জানিয়েছেন। জানা গেছে, আটক ওই ব্যক্তি নিজেকে ডা. লিয়াকত হোসেন পরিচয় দিয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনের বিভিন্ন ক্লিনিকে হৃদরোগ ও মেডিসিন বিশেষজ্ঞ হিসেবে চিকিৎসা দিয়ে আসছিলেন। প্রশাসন সূত্রে জানা যায়, প্রায় এক মাস আগে এক প্রসূতিকে পরীক্ষা করে তার গর্ভের সন্তান মারা গেছে বলে ভুল রিপোর্ট দেন কথিত ওই ডাক্তার। পরে ডা. সৌমিত্র মজুমদার আল্ট্রাসনোগ্রাফি করে দেখেন বাচ্চাটি জীবিত ও সুস্থ। ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলাঃ** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলাঃ** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলাঃ** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলাঃ** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলাঃ** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

কার্যকর পদক্ষেপ নিন

সরকারের দাবি, দেশের ইতিহাসে জ্বালানি তেলের সর্বোচ্চ মজুদ রয়েছে। গত বছরের সমপরিমাণই তেল সরবরাহ করা হচ্ছে, অথচ পেট্রল পাম্পগুলোতে তেলের জন্য অপেক্ষমাণ যানবাহনের সারি কেবলই দীর্ঘ হচ্ছে। কোথাও কোথাও ১২ ঘণ্টা লাইনে দাঁড়িয়ে তেল নেওয়ার অভিজ্ঞতার কথাও জানা যাচ্ছে। এমনকি তেলের অভাবে জরুরি সেবার যানবাহনের চলাচলও বিঘ্নিত হচ্ছে। পণ্য পরিবহন ব্যাহত হচ্ছে। অনেক স্থানে পাম্প কর্মচারীদের সঙ্গে ক্ষুব্ধ গ্রাহকদের হাতাহাতি এবং পাম্পে ভাঙচুরের ঘটনাও ঘটছে। তাহলে এত বিপুল পরিমাণ তেল যাচ্ছে কোথায়? বিশেষজ্ঞরা মনে করেন, সংকটের মূলে রয়েছে তেল সরবরাহ বিঘ্নিত হওয়ার কিংবা তেল না পাওয়ার ভয় বা আতঙ্ক। ফলে প্যানিক বায়িং বা আতঙ্কজনিত ক্রয় বেড়ে গেছে। অনেকে প্রয়োজনের অতিরিক্ত তেল কিনে ভবিষ্যতের জন্য মজুদ করছেন। আবার মজুদদারি এবং বেশি দামে কালোবাজারে বিক্রির জন্যও তেলের চাহিদা অনেক বেড়ে গেছে। সেই সঙ্গে রয়েছে পার্শ্ববর্তী দেশগুলোতে জ্বালানি তেল চোরাচালান বা পাচার হয়ে যাওয়া। বিশেষজ্ঞরা মনে করেন, সরবরাহ ও বিক্রয় ব্যবস্থাপনা উন্নত করা প্রয়োজন। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) কর্মকর্তারা জানান, দেশে বর্তমানে পর্যাপ্ত জ্বালানি তেলের মজুদ রয়েছে। গত বছরের সমপরিমাণ তেল সরবরাহ করা সত্ত্বেও পাম্পগুলো থেকে অতিরিক্ত ৩০ শতাংশ চাহিদা দেওয়া হচ্ছে। বিপিসি জানায়, চাহিদার সঙ্গে সমন্বয় করার লক্ষ্যে আজ রবিবার থেকে অকটেনের সরবরাহ ২৫ শতাংশ বাড়ানোর চিন্তা রয়েছে। প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, সরবরাহ স্বাভাবিক থাকার দাবি করা হলেও বাস্তবে বেশির ভাগ এলাকার পাম্পে তেল পাওয়া যাচ্ছে না। কোথাও পাম্প পুরোপুরি বন্ধ, কোথাও বা সীমিত পরিসরে বিক্রি চলছে। ফলে সাধারণ মানুষকে ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে থেকেও তেল না পেয়ে ফিরে যেতে হচ্ছে। বিভাগগুলো থেকেও প্রায় একই রকম চিত্র পাওয়া যাচ্ছে। গত শুক্রবার চট্টগ্রাম মহানগরে ৬২টি পেট্রল পাম্পের মধ্যে প্রায় ৪০ শতাংশ বন্ধ ছিল। পাম্প মালিকরা জানান, সপ্তাহে মাত্র এক দিন জ্বালানি সরবরাহ পাওয়া যাচ্ছে। সেই তেলও কয়েক ঘণ্টার মধ্যে শেষ হয়ে যাওয়ায় বেশির ভাগ সময় পাম্প বন্ধ রাখতে হচ্ছে। বাংলাদেশ পেট্রল পাম্প ওনার্স অ্যাসোসিয়েশনের (একাংশ) সভাপতি নাজমুল হক বলেন, 'তেলসংকট ঢাকার বাইরেই বেশি। ঢাকার মধ্যেও পাম্প বন্ধ থাকছে। ঢাকার বাইরের অনেক পাম্পে ১৫ দিনে একবার তেল দেওয়া হচ্ছে। প্রায় ৪০ শতাংশ পাম্পে মাসে ১৫ থেকে ২০ দিনে একবার তেল দেওয়া হচ্ছে। রাজধানীতেও ৬০ শতাংশ পাম্পে তেল দেওয়া হচ্ছে, তা-ও গত বছর যা দিয়েছে, সেই হারে দেওয়া হচ্ছে। গত বছরের গাড়ির সংখ্যা আর এই বছরের গাড়ির সংখ্যা তো এক নয়।' চাহিদামাফিক তেল না পেয়ে গ্রাহকদের দুর্ভোগ বাড়ছে। কয়েক ঘণ্টা লাইনে দাঁড়িয়ে তেল না পেয়ে অনেকেই মেজাজ হারাচ্ছেন। ঝগড়াঝাঁটি নৈমিত্তিক ঘটনায় পরিণত হয়েছে। গতকালের পত্রিকায়ও খবর রয়েছে, নাটোরের বড়াইগ্রামে তেল সরবরাহে দেরি হওয়াকে কেন্দ্র করে একটি ফিলিং স্টেশন ভাঙচুর করা হয়েছে। মধ্যপ্রাচ্য যুদ্ধের অবসান এবং জ্বালানি তেলের স্বাভাবিক সরবরাহের বিষয়টি এখনো অনিশ্চিত। তা সত্ত্বেও দেশের পরিবহনব্যবস্থাকে সচল রাখা অত্যন্ত জরুরি। তা না হলে বাজার অস্বাভাবিক হবে। মানুষের দুর্ভোগ বাড়বে। বিকল্প উৎস থেকে তেল আমদানি বাড়ানোর পাশাপাশি মজুদদারি ও চোরাচালানের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে।

সারাদেশে চাঁদাবাজি-দুর্নীতি

মো. নাহিদ ইসলাম। তিনি অভিযোগ করেছেন, নির্বাচনের মধ্য দিয়ে জনগণের জনরায় ও গণভোটকে অস্বীকার করা হয়েছে। এই প্রেক্ষাপটে একটি বিকল্প শক্তি গড়ে তুলে বৈষম্যহীন ও অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশের লড়াই সম্পন্ন করার আহ্বান জানিয়েছেন তিনি। রোববার (১৯ এপ্রিল) দুপুরে রাজধানীর বাংলামোটরে এনসিপির অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সংবাদ সম্মেলনে নাহিদ ইসলাম জানান, বৈষম্যবিরোধী বর্তমান কমিটির নেতারা এবং আমার বাংলাদেশ পার্টির (এবি পার্টি) ব্যারিস্টার সানি ছাড়াও বেশ কিছু গুরুত্বপূর্ণ ব্যক্তি আনুষ্ঠানিকভাবে এনসিপিতে যোগ দিচ্ছেন। তিনি বলেন, 'আমরা একই আকাঙ্ক্ষার জায়গা থেকে তারুণ্যের শক্তিকে ঐক্যবদ্ধ করছি। যারা জুলাই গণ-অভ্যুত্থানে অংশগ্রহণ করেছিলেন, আমরা তাদের বেশি গুরুত্ব দিচ্ছি। আমরা একটি বৃহত্তর অ্যালায়েন্স বা কোয়ালিশন চাই, কারণ দেশটাকে আবার আগের কোনো বন্দোবস্তের দিকে ঠেলে দিতে পারি না।' বিএনপি সরকারের সমালোচনা করে এনসিপির আহ্বায়ক বলেন, আওয়ামী লীগের জায়গায় কেবল বিএনপি প্রতিস্থাপিত হয়েছে। তিনি বলেন, "সবগুলো প্রতিষ্ঠান দলীয়করণ করা হচ্ছে। বিচার বিভাগ থেকে শুরু করে সব জায়গায় সংস্কারের যে সম্ভাবনা তৈরি হয়েছিল, বিএনপি সরকার তা নষ্ট করে দিচ্ছে।" নাহিদ ইসলাম জোর দিয়ে বলেন, তারা কেবল দল বা ব্যক্তির পরিবর্তন নয়, বরং সামগ্রিক ক্ষমতা কাঠামোর পরিবর্তন চান যেখানে বাংলাদেশ সার্বভৌমত্বের প্রশ্নে মাথা উঁচু করে দাঁড়াবে। এনসিপিতে যোগদানের ক্ষেত্রে সাবেক রাজনৈতিক পরিচয়কে মুখ্য বিবেচনা করা হবে না বলে জানান নাহিদ ইসলাম। তিনি বলেন, "ছাত্রদল, ছাত্রশিবির, ছাত্র অধিকার পরিষদ এমনকি ছাত্রলীগ কারও সাবেক পরিচয় আমাদের কাছে বড় নয়। আজ থেকে যখন কেউ এনসিপিতে আসবে, সে হবে এনসিপির সংগঠক ও নেতাকর্মী। তবে ফ্যাসিজম, গণহত্যায় অংশগ্রহণকারী, চাঁদাবাজ বা দুর্নীতির দায়ে অভিযুক্ত কেউ কোনোভাবেই এই দলে ঠাঁই পাবে না।" সংবাদ সম্মেলনে নাহিদ ইসলাম আরও বলেন, জুলাই গণ-অভ্যুত্থান থেকে তৈরি হওয়া আকাঙ্ক্ষা বাস্তবায়নে তারা সব ধর্ম, মত ও শ্রেণি-পেশার মানুষকে নিয়ে একটি বৈষম্যহীন অর্থনৈতিক ব্যবস্থাপনা গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ।

সংবাদপত্রে ১০ম ওয়েজ

উদ্দিন স্বপন। রোববার জাতীয় সংসদে বিরোধীদলীয় সংসদ সদস্য শেখ মনজুরুল হক রাহাদের প্রশ্নের জবাবে তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন এ নিয়ে কথা বলেন। ডেপুটি স্পিকার কায়সার কামালের সভাপতিত্বে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপন করা হয়। তথ্যমন্ত্রী বলেন, ২০১৯ সালের ১২ সেপ্টেম্বর ৯ম সংবাদপত্র মজুরি বোর্ড রোয়েদাদ বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। সাংবাদিক ও সংবাদপত্রের মালিকপক্ষের আয়কর প্রদান নিয়ে মতপার্থক্য দেখা দেওয়ায় ৯ম সংবাদপত্র মজুরি বোর্ড কার্যকর হয়নি। বর্তমানে ৯ম সংবাদপত্র মজুরি বোর্ড বাস্তবায়ন-সংক্রান্ত বিষয়ে ৬টি রিট/সিভিল পিটিশন চলমান আছে। বিরোধীদলীয় সংসদ সদস্য নুরুল ইসলামের প্রশ্নের জবাবে তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেন, সাংবাদিকদের সুরক্ষা, সক্ষমতা, সহায়তা, মর্যাদা ও নিরাপদ পেশাগত পরিবেশ তৈরির লক্ষ্যে সাংবাদিক সুরক্ষা সহায়তা সেল, হুমকি/হামলা/ডিজিটাল হয়রানির ঘটনায় আইনি ও প্রযুক্তিগত রেফারেল, নারী সাংবাদিকদের জন্য বিশেষ সহায়তা, ডিজিটাল নিরাপত্তা প্রশিক্ষণ, জরুরি কল্যাণ সহায়তা, জেলা পর্যায়ের সাংবাদিক সুরক্ষা উদ্যোগ এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহের সঙ্গে সমন্বিত সহায়তা কাঠামো গড়ে তুলতে ব্যবস্থা নেওয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সরকারদলীয় এমপি মোহাম্মদ আলি আসগারের প্রশ্নের জবাবে তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেন, সংবাদপত্র ও সাংবাদিকদের স্বাধীনভাবে সাংবাদিকতা করার লক্ষ্যে ১৯৭৪ সালে প্রণীত প্রেস কাউন্সিল অ্যাক্ট যুগোপযোগী করে প্রেস কাউন্সিলকে আরও শক্তিশালী, কার্যকর গণমাধ্যমবান্ধব প্রতিষ্ঠানে রূপান্তর করার জন্য আইনটি সংশোধন করার কার্যক্রম চলমান আছে। মন্ত্রী বলেন, সাংবাদিক কল্যাণ ট্রাস্টের মাধ্যমে পেশাগত কাজ করতে অক্ষম বা অসমর্থ, শারীরিক বা মানসিকভাবে অসুস্থ ও চিকিৎসার ব্যয় নির্বাহে অসমর্থ সাংবাদিকদের এবং সাংবাদিকতায় বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ সুযোগ-সুবিধা দেওয়ার কার্যক্রম চলমান আছে।

আইএমএফের সঙ্গে তেলের

অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, 'তেলের দাম তো আইএমএফ মিটিংয়ে যাওয়ার আগে বাড়ানো হয়েছে। আইএমএফের সঙ্গে তেলের দাম বাড়ানোর কোনো সম্পর্ক নেই।' রোববার (১৯ এপ্রিল) সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী আরও বলেন, 'আমি পরিষ্কার ভাষায় বলছি এটা, বরং দামও কিন্তু বেশি বাড়াইনি। আমেরিকাতে দাম দ্বিগুণ হয়ে গেছে।' আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেন, 'আমাদের সবাই বলেছে, আপনারা তেলের দাম বাড়াচ্ছেন না কেন, বাড়াচ্ছেন না কেন, আপনার তহবিল তো খালি হয়ে যাচ্ছে। তেলের দাম না বাড়ালে সরকার দেশ চালাবে কী করে?' অর্থমন্ত্রী বলেন, 'সারা দুনিয়ায় তেলের দাম বাড়ানো হয়েছে। বাংলাদেশ একটি দেশ, যেখানে শেষ পর্যন্ত আমরা বাড়াইনি বাংলাদেশের জনগণের স্বার্থ সংরক্ষণ করে তাদের কথা মাথায় রেখে।' তেলের দাম যতটুকু বাড়ানো হয়েছে তা খুবই নগণ্য বলেও মন্তব্য করেন তিনি। অর্থমন্ত্রী বলেন, 'এটা বাড়াতে হয়েছে শুধু আমাদের তহবিলের ওপর এত চাপ আসছে, আমাদের তো বাকি প্রোগ্রাম চালাতে হবে।'

গৃহকর্মীর নাম নিবন্ধন

গৃহকর্মীদের নাম নিবন্ধনের নির্দেশ কেন দেওয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। আগামী চার সপ্তাহের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিবসহ সংশ্লিষ্টদের এই রুলের জবাব দিতে বলা হয়েছে। রোববার (১৯ এপ্রিল) এ সংক্রান্ত বিষয়ে শুনানি নিয়ে হাইকোর্টের বিচারপতি রাজিক আল জলিল ও বিচারপতি দেবাশিষ রায় চৌধুরীর সমন্বয়ে গঠিত বেঞ্চ এই আদেশ দেন। আদালতে আজ রিটের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট তানজিম আল ইসলাম। তার সঙ্গে ছিলেন রিটকারী আইনজীবী খাদিজাতুল কোবরা ও আইনজীবী রওশন আরা। এর আগে গত ১৩ জানুয়ারি হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রাজধানীসহ দেশের সব গৃহকর্মীর নাম নিবন্ধন করার নির্দেশনা চেয়ে রিট আবেদন করেন আইনজীবী খাদিজাতুল কোবরা। ওই রিটের প্রাথমিক শুনানি নিয়ে এই রুল জারি করেন আদালত।

বকেয়া বিল ও ঋণ ছাড়িয়েছে

দেড় লাখ কোটি টাকা। রোববার (১৯ এপ্রিল) জাতীয় সংসদে ডেপুটি স্পিকার কায়সার কামাল-এর সভাপতিত্বে ঢাকা-১৮ আসনের সংসদ সদস্য এস এম জাহাঙ্গীর হোসেন-এর লিখিত প্রশ্নের বিদ্যুৎ খাতের এই আর্থিক পরিস্থিতি তুলে ধরেন বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। তিনি জানান, দেশের সরকারি, বেসরকারি ও বিদ্যুৎ আমদানিসহ সব বিদ্যুৎ কেন্দ্রের বিপরীতে গত ৯ এপ্রিল পর্যন্ত বকেয়া বিলের পরিমাণ ৫২ হাজার ৩০০ কোটি টাকার বেশি। মন্ত্রী জানান, এই বিশাল বকেয়ার মধ্যে গ্যাস ও জ্বালানি তেলভিত্তিক আইপিপি বিদ্যুৎ কেন্দ্রগুলোর ক্যাপাসিটি ও ফুয়েল পেমেন্ট বাবদ বকেয়া ১৭,৩৫৭.৬৮ কোটি টাকা। এছাড়া জয়েন্ট ভেঞ্চার ও আইপিপি কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের কয়লার মূল্য ও ক্যাপাসিটি পেমেন্ট বাবদ বকেয়া রয়েছে ১৫,৪৫২.৯১ কোটি টাকা। পাশাপাশি পেট্রোবাংলার কাছে সরকারি ও বেসরকারি কোম্পানির গ্যাস বিল বকেয়া বাবদ পাওনা ১১,৬৩৪.০৬ কোটি টাকা। সরকারি কোম্পানির ক্যাপাসিটি ও ফুয়েল পেমেন্ট বাবদ বকেয়া ৫,৬২৩.০৩ কোটি টাকা এবং ভারত থেকে বিদ্যুৎ আমদানির বকেয়া ৩,৮৯১.৫৫ কোটি টাকা। এছাড়াও হুইলিং চার্জ বাবদ বকেয়া রয়েছে ১৯৮.৯৪ কোটি টাকা। তিনি জানান, বকেয়া বিলের পাশাপাশি বিদ্যুৎ কেন্দ্রগুলোর আর্থিক সক্ষমতা নিয়ে বড় ধরনের শঙ্কা তৈরি করেছে তাদের ব্যাংক ঋণ। বর্তমানে দেশের বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্রের বিপরীতে ব্যাংকিং খাতে মোট ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ১,৪৯,৩১১.২৬ কোটি টাকা।

মঠবাড়িয়ায় ভূয়া হৃদরোগ

এই ঘটনার পর তার প্রেসক্রিপশনের ভুল ও অসংলগ্নতা দেখে স্থানীয় চিকিৎসকদের সন্দেহ আরও ঘনীভূত হয়। তাকে পর্যবেক্ষণে রাখার পর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা. সৌমিত্র সিনহা প্রশাসনকে বিষয়টি জানান। পরে সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুদীপ্ত দেবনাথ থানা পুলিশের সহায়তায় অভিযান চালিয়ে দক্ষিণ বন্দর গোডাউনে মসজিদের পাশে সাদেকা ভিলার নিচ তলা থেকে তাকে আটক করে দুই বছরের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন।

ককটেল ও বিস্ফোরক মামলায়

৬ মার্চ বেতাগী-সানকিপুর ইউনিয়নের ছবদার আলী খান বাড়ির সামনের মাঠে ইউনিয়ন বিএনপির সম্মেলন চলাকালে হামলা, ভাঙচুর, লুটপাট ও ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে। এ সময় মঞ্চ ও প্যান্ডেল ভাঙচুর, সাউন্ড সিস্টেম লুটপাট এবং শতাধিক নেতাকর্মীকে মারধরের অভিযোগ ওঠে। পরবর্তীতে ২০২৫ সালের ১৩ মার্চ ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক সবুজ ঢালি বাদী হয়ে দশমিনা থানায় মামলা দায়ের করেন। মামলায় ৪৮ জনের নাম উল্লেখসহ অজ্ঞাত আরও ৪০-৫০ জনকে আসামি করা হয়। সেই মামলার অন্যতম আসামি ছিলেন ক্যাডার কামাল। দশমিনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আতিকুল ইসলাম জানান, শনিবার সন্ধ্যায় পূজাখোলা এলাকা থেকে কামাল হাওলাদার ওরফে ক্যাডার কামালকে গ্রেফতার করা হয়েছে। রোববার দুপুরে তাকে আদালতে প্রেরণ করা হয়েছে। এ ঘটনায় এলাকায় আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়েছে এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে নতুন করে দৃষ্টি আকর্ষণ করেছে।

ডাকাতিকালে সংঘর্ষে ডাকাত নিহত

ডাকাতকে মৃত ঘোষণা করেন। একইসঙ্গে গুরুতর আহত উজ্জ্বল বাহাদুর ও তার ছেলে মিশকাফ বাহাদুরকে প্রাথমিক চিকিৎসা শেষে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়েছে। নিহত ডাকাতের নাম দুলাল। তিনি বরিশাল জেলার হিজলা উপজেলার একতা বাজার এলাকার মজিবর রাড়ির ছেলে। পালিয়ে যাওয়া অন্যদের পরিচয় এখনো শনাক্ত করা যায়নি। উজ্জ্বল বাহাদুর স্থানীয় একটি বেসরকারি কলেজের শিক্ষক ও ব্যবসায়ী বলে জানা গেছে। ধারণা করা হচ্ছে, টাকা-পয়সা ও স্বর্ণালংকার লুটের উদ্দেশ্যে ডাকাতরা বাড়িতে ঢুকেছিল। তবে গৃহকর্তার পরিবারের প্রতিরোধের মুখে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে হতাহতের পরিস্থিতি তৈরি হয়। ঘটনার পর এলাকায় আতঙ্ক বিরাজ করছে। আইনশৃঙ্খলা বাহিনী বিষয়টি তদন্ত করছে বলে জানা গেছে। ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ সুপার সদর সার্কেল পিরোজপুর নাসরিন জাহান পরিদর্শন করেছেন। নাজিরপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মশিউর রহমান বলেন, আহত ডাকাতকে গুরুতর অবস্থায় হাসপাতালে নেওয়ার পর তার মৃত্যু হয়। এছাড়া আহত বাড়ির মালিক ও তার ছেলেকে উন্নত চিকিৎসার জন্য অন্যত্র পাঠানো হয়েছে। নাজিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তরিকুল ইসলাম জানান, ডাকাতি ও নিহত হওয়ার ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রীয়াধীন।

৯ দফা দাবিতে নগরীতে

সমাজতান্ত্রিক দল বাসদ বরিশাল জেলা শাখার সমন্বয়ক ও কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড ডা. মনীষা চক্রবর্তী, সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট বরিশাল জেলা শাখার ক্রীড়া সম্পাদক বেল্লাল গাজী, দপ্তর সম্পাদক শহিদুল হাওলাদার, বরিশাল রিকশা-ভ্যান চালক শ্রমিক ইউনিয়নের উপদেষ্টা শহিদুল ইসলাম, মহসীন মীর, সাংগঠনিক সম্পাদক শহিদুল শেখ, শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক সাইদুল ইসলাম। সমাবেশে বক্তারা বলেন, দেশে বর্তমানে প্রায় ৬০ লাখ ব্যাটারিচালিত যানবাহন চলাচল করছে, যা দেশের তৃতীয় বৃহত্তম শ্রমশক্তির সঙ্গে যুক্ত। এই খাতে সরাসরি যুক্ত শ্রমিকদের আয়ের ওপর নির্ভরশীল প্রায় ৩ কোটি মানুষ। অথচ এখনো এই খাতকে একটি সুসংহত নীতিমালার আওতায় আনা হয়নি। তারা বলেন, বিআরটিএ র অধীনে ব্যাটারিচালিত যানবাহনের নিবন্ধন, চালকদের লাইসেন্স ও প্রশিক্ষণ, রুট পারমিট প্রদান এবং সড়ক ও মহাসড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনতে স্বল্পগতির যানবাহনের জন্য পৃথক লেন বা সার্ভিস রোড চালু করা জরুরি। নেতারা অভিযোগ করেন, অন্তর্বর্তীকালীন সরকারের সময় একটি অধ্যাদেশের মাধ্যমে এই খাতের শ্রমজীবী মানুষদের জিম্মি করা হয়েছে। একই সঙ্গে আন্দোলনে অংশ নেওয়ায় সিলেট ও চট্টগ্রামে বামপন্থি নেতাকর্মীদের বিরুদ্ধে মামলা দেওয়ার ঘটনাও উল্লেখ করেন তারা। ২০১৯, ২০২২ ও ২০২৪ সালে ব্যাটারিচালিত যানবাহন নিয়ন্ত্রণে একাধিক খসড়া নীতিমালা প্রণয়ন করা হলেও তা এখনো পুরোপুরি বাস্তবায়িত হয়নি। ২০২৫ সালে প্রণীত বৈদ্যুতিক থ্রি-হুইলার ব্যবস্থাপনা নীতিমালা দ্রুত বাস্তবায়নের দাবি জানান তারা। তারা বলেন, সিটি কর্পোরেশনের স্টিকার লাগিয়ে এই যানবাহনকে নিরাপদ করা সম্ভব নয়। এজন্য প্রয়োজন বিআরটিএ স্বীকৃত লাইসেন্স, যান্ত্রিক মান যাচাই এবং ট্রাফিক আইন সম্পর্কে প্রশিক্ষণ। বিশ্বে তেল-গ্যাসের মজুদ সীমিত হয়ে আসছে। আগামী ৫০ থেকে ৬০ বছরের মধ্যে এসব জ্বালানি শেষ হয়ে যেতে পারে। তাই নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন এবং বৈদ্যুতিক যানবাহনকে নীতিমালার আওতায় আনা ভবিষ্যৎ বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তারা সরকারের ১৮০ দিনের অগ্রাধিকার পরিকল্পনায় ব্যাটারিচালিত যানবাহনের জন্য একটি কার্যকর নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নের দাবি জানান। সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল নগরীর গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। পরে একটি প্রতিনিধি দল বরিশাল জেলা প্রশাসকের মাধ্যমে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় বরাবর ৯ দফা দাবিতে স্মারকলিপি পেশ করে।

বিষ পানে নবম শ্রেণির

চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। প্রতিবেশীরা জানান, চলতি বৈশাখ মাসেই সুইটির বিয়ে হওয়ার কথা ছিল। বিয়েকে কেন্দ্র করে পরিবারে কিছুটা চাপ ও দুশ্চিন্তা ছিল বলে ধারণা করা হচ্ছে। তবে আত্মহত্যার সুনির্দিষ্ট কারণ এখনো নিশ্চিতভাবে জানা যায়নি। স্থানীয় বাসিন্দাদের ধারণা, পারিবারিক অভিমান বা মানসিক চাপ থেকেই সে এমন সিদ্ধান্ত নিতে পারে। ঘটনার পর পরিবারের সদস্যদের মাঝে শোকের ছায়া নেমে আসে। খবর পেয়ে আশপাশের লোকজন ঘটনাস্থলে ছুটে গিয়ে ভিড় করেন। ?খবরের সত্যতা নিশ্চিত করে বোরহানউদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুজ্জামান বিকেলে বলেন, সুইটি রানী শীল বিষপানে আত্মহত্যা করেছে। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ভোলা হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ বিষয়ে একটি অপমৃত্যু মামলা করা হবে।

চার দফা দাবিতে মহাসড়ক

বিশ্ববিদ্যালয়ের সামনে দ্রুত পুলিশ ফাঁড়ি স্থাপন, দুর্ঘটনায় জড়িত ঘাতক চালককে গ্রেপ্তার, মহাসড়কে স্থায়ী ট্রাফিক পুলিশ মোতায়েন এবং আহত শিক্ষার্থীর যথাযথ ক্ষতিপূরণ দেওয়া। আন্দোলনরত রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী তৌসিফ আলম খান বলেন, 'শনিবার দুপুরে আমাদের বিভাগের এক শিক্ষার্থীকে একটি তেলবাহী গাড়ি চাপা দিয়ে পালিয়ে যায়। তিনি এখনো হাসপাতালে চিকিৎসাধীন। আমরা প্রশাসনের সঙ্গে কথা বলেছি। যানবাহনটির মালিকপক্ষ সকাল ১০টার মধ্যে আসার কথা বললেও তারা আসেনি। তাই বাধ্য হয়ে রাস্তায় নেমেছি।' আরেক শিক্ষার্থী আকিবুল ইসলাম বলেন, 'সড়কে আর কত রক্ত দিলে পরিস্থিতি বদলাবে? আমরা বারবার প্রশাসনকে জানিয়েছি, কিন্তু কোনো কার্যকর পদক্ষেপ নেই। আমাদের দাবি পূরণ না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে।' দীর্ঘ সময় সড়ক অবরোধে বরিশাল-কুয়াকাটা সড়কে শত শত পরিবহন আটকে পড়ে। ঢাকা থেকে কুয়াকাটা যাওয়া যাত্রী আব্দুল হালিম বলেন, 'ঘণ্টাখানেক ধরে দাঁড়িয়ে আছি। এই গরমে আর দাঁড়াতে পারছি না। দ্রুত রাস্তাটা ছাড়লে বাড়ি যেতে পারতাম।' এ বিষয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ তৌফিক আলম বলেন, শিক্ষার্থীদের দাবিগুলো মেনে নেওয়ায় তাঁরা বিকেল ৪টার দিকে মহাসড়ক ছেড়ে দিয়েছেন। অভিযুক্ত যানবাহনটির মালিকপক্ষ এবং শিক্ষার্থীদের সঙ্গে বিশ্ববিদ্যালয় প্রশাসন বসেছিল। সব পক্ষের সঙ্গে আন্তরিকভাবে সমঝোতা হয়েছে।

১২ কেজির গ্যাস সিলিন্ডারে

বাড়ানো হলো এলপি গ্যাসের দাম। এবার ভোক্তাপর্যায়ে ১২ কেজির এলপিজি সিলিন্ডারে ২১২ টাকা বাড়িয়ে নতুন দাম নির্ধারণ করা হলো ১ হাজার ৯৪০ টাকা। যা রবিবার সন্ধ্যা ৬টা থেকে কার্যকর হবে। এ হিসাবে ২ এপ্রিলের পর মাত্র ১৮ দিনের ব্যবধানে দুই দফায় ১২ কেজির এলপিজি সিলিন্ডারে দাম বাড়লো ৫৯৯ টাকা। অর্থাৎ, গত ১ এপ্রিল ১২ কেজির যে সিলিন্ডারটি ১৩৪১ টাকায় কেনা যেতো থেকে সেটি কিনতে ভোক্তাকে গুনতে হবে ১ হাজার ৯৪০ টাকা। রোববার (১৯ এপ্রিল) বিকেলে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) এক বিজ্ঞপ্তিতে নতুন করে এলপিজির দাম নির্ধারণের ঘোষণা দেয়। এলপিজির ১২ কেজি সিলিন্ডার গৃহস্থালির কাজে সবচেয়ে বেশি ব্যবহৃত হয়। গত ২ এপ্রিলের ঘোষণায় ভোক্তাপর্যায়ে প্রতি কেজি এলপি গ্যাসের দাম বেড়েছিল ৩২ টাকা ৩০ পয়সা। এবার প্রতি কেজিতে বাড়লো ১৭ টাকা ৬২ পয়সা। ১২ কেজির সিলিন্ডারের দাম ১৯৪০ টাকা ধরে এখন থেকে প্রতি কেজি এলপিজির দাম পড়বে ১৬১ টাকা ৬৬ পয়সা। এ হিসাবে বিভিন্ন আকারের এলপিজি সিলিন্ডারের দাম নির্ধারিত হবে। ভোক্তাপর্যায়ে বিইআরসি ঘোষিত নতুন দামে বিভিন্ন ওজনের এলপিজি সিলিন্ডারের দাম সমন্বয় করা হয়েছে। এর মধ্যে সাড়ে ৫ কেজি সিলিন্ডারের দাম ৮৮৯ টাকা, সাড়ে ১২ কেজির সিলিন্ডারের দাম দুই হাজার ২১ টাকা, ১৫ কেজির সিলিন্ডারের দাম দুই হাজার ৪২৫ টাকা, ১৬ কেজির সিলিন্ডারের দাম দুই হাজার ৫৮৭ টাকা, ১৮ কেজির সিলিন্ডারের দাম ২ হাজার ৯১০ টাকা, ২০ কেজি সিলিন্ডারের দাম তিন হাজার ২৩৩ টাকা নির্ধারণ করা হয়েছে। পাশাপাশি ২২ কেজির এলপিজি সিলিন্ডারের দাম ৩ হাজার ৫৫৭ টাকা, ২৫ কেজি সিলিন্ডারের দাম চার হাজার ৪২ টাকা, ৩০ কেজি সিলিন্ডারের দাম চার হাজার ৮৫০ টাকা, ৩৩ কেজির সিলিন্ডারের দাম পাঁচ হাজার ৩৩৫ টাকা, ৩৫ কেজি সিলিন্ডারের দাম পাঁচ হাজার ৬৫৮ টাকা ও ৪৫ কেজি সিলিন্ডারের দাম নির্ধারণ করা হয়েছে সাত হাজার ২৭৫ টাকা। নতুন নির্ধারিত দামে সরকারি কোম্পানির সরবরাহ করা এলপিজির সাড়ে ১২ কেজি সিলিন্ডারের দাম ৮২৫ টাকা অপরিবর্তিত রাখা হয়েছে। অন্যদিকে, গাড়িতে ব্যবহৃত এলপিজির (অটো গ্যাস) দাম প্রতি লিটার ৭৯ টাকা ৭৭ পয়সা থেকে বাড়িয়ে ৮৯ টাকা ৫০ পয়সা নির্ধারণ করা হয়েছে। বিইআরসি জানিয়েছে, এলপিজি আমদানির জাহাজভাড়া ও ট্রেড্রারের প্রিমিয়াম চার্জ এবং ডিজেলের মূল্য পরিবর্তন বিবেচনায় ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি ও অটোগ্যাসের মূল্য সমন্বয় করা হয়েছে। বিইআরসি প্রতি মাসেই এলপিজির দাম সমন্বয় করে। যদিও ভোক্তাদের অভিযোগ রয়েছে, বাজারে সরকার নির্ধারিত দামে তারা এলপিজি সিলিন্ডার কিনতে পারেন না। বিক্রেতারা অতিরিক্ত দাম আদায় করে। ২০২১ সালের এপ্রিল থেকে এলপিজির দাম নির্ধারণ করে আসছে বিইআরসি।

সর্বোচ্চ মান বজায় রেখে

প্যাকেজ এবং ৩০৫টি আলাদা ধাপে সম্পন্ন করা হয়। এর মধ্যে ছিল কাবার অভ্যন্তরীণ অংশ, ছাদ এবং চারপাশের রক্ষণাবেক্ষণ। সেই সঙ্গে কাবার প্রতিটি অংশের পুঙ্খানুপুঙ্খ পরিদর্শন ও কারিগরি পরীক্ষাও সম্পন্ন করা হয়েছে। কাজের বিবরণ তুলে ধরে জানানো হয়, কাবা শরীফের চারপাশে ৩০ মিটারের বেশি এক্সপানশন জয়েন্ট বা সিলিকন পরিবর্তন করা হয়েছে। এছাড়া কাবার মেঝের মার্বেল পাথরের ৫০ মিটারের বেশি অংশের জয়েন্টগুলোতে নতুন করে গ্রাউটিং বা প্রলেপ দেওয়া হয়েছে। পাশাপাশি কাবার চারপাশের মার্বেল পাথরগুলো সব দিক থেকে ঘষামাজা করে নতুন রূপ দেওয়া হয়েছে। বিশেষজ্ঞদের মতে, এই প্রকল্প বাস্তবায়নে অত্যন্ত উন্নত প্রযুক্তি এবং আন্তর্জাতিক মানের উপকরণ ব্যবহার করা হয়েছে। পুরো কাজটি পরিচালনা করেছেন সৌদি আরবের দক্ষ ও যোগ্য কর্মীরা। আধুনিক এই রক্ষণাবেক্ষণ পদ্ধতির ফলে কাবা শরীফের অবকাঠামোর স্থায়িত্ব বৃদ্ধির পাশাপাশি এর সামগ্রিক সৌন্দর্য আরও কয়েক গুণ বেড়ে গেছে। আগ্রহী মুসল্লিরা রক্ষণাবেক্ষণ পরবর্তী এই নতুন অবয়বে কোনো ঝামেলা ছাড়াই এখন তাওয়াফ ও ইবাদত সম্পন্ন করতে পারছেন।

লঞ্চ থেকে পড়ে যাওয়া

মো. নাঈম ইসলাম বলেন, 'আমি কেবিনে ছিলাম। হঠাৎ চিৎকার শুনে বাইরে এসে দেখি, এক নারী নদীতে ভেসে সাহায্য চাইছেন। তখন লঞ্চ থামিয়ে পেছনে ঘোরানো হয় এবং এক যুবক দ্রুত পানিতে নেমে তাকে উদ্ধারে এগিয়ে যান। সত্যিই তার সাহসিকতায় ওই নারী নতুন জীবন পেয়েছেন।' উদ্ধারের পর ওই নারী জানান, তিনি 'রিয়াদ-৭' লঞ্চের যাত্রী ছিলেন। পরে রাত সাড়ে ৩টার দিকে সংশ্লিষ্ট লঞ্চের সঙ্গে যোগাযোগ করে তাকে তার নিজ লঞ্চে ফিরিয়ে দেয়া হয়। ঘটনাটি ঘিরে লঞ্চে থাকা যাত্রীদের মধ্যে ব্যাপক সাড়া পড়ে। সবাই ওই সাহসী যাত্রীর মানবিকতা ও সাহসিকতার প্রশংসা করেছেন।

বাস আটক নিয়ে পুলিশের

গ্রামের মৃত হাবিবুর রহমানের ছেলে। তিনি বাংলাদেশ রেলওয়ের কর্মচারী ছিলেন। নিহত ব্যক্তির স্বজন ও পুলিশ সূত্রে জানা গেছে, দুর্ঘটনার পর স্থানীয় বিএনপির নেতা-কর্মীরা নিহত ব্যক্তির পরিবারের সঙ্গে সমঝোতা করে বাসটি আশোকাঠি হাসপাতালের সামনে থেকে ছেড়ে দেন। পরে খবর পেয়ে গৌরনদী হাইওয়ে থানা-পুলিশ আশোকাঠি পেট্রলপাম্প এলাকা থেকে বাসটি আটক করে। গৌরনদী হাইওয়ে থানার উপপরিদর্শক (এসআই) মো. শরীফুল ইসলাম বলেন, 'খবর পেয়ে বাসটি আটক করে থানায় নেওয়ার চেষ্টা করলে ১৫ থেকে ২০ জন যুবক এসে বাধা দেন। পরে উপজেলা বিএনপির সদস্যসচিব হান্নান শরীফ ঘটনাস্থলে এসে বাস ছেড়ে দেওয়ার জন্য চাপ দেন।' এসআই শরীফুল আরও বলেন, 'এ সময় খবর আসে যে বাসের ধাক্কায় আহত ইউনুস মারা গেছেন। এরপর পরিস্থিতি বদলে গেলে হান্নান শরীফ ও তাঁর লোকজন সরে যান। তবে সুরতহাল প্রতিবেদন ছাড়াই তাঁর লোকজন লাশটি নিহত ব্যক্তির গ্রামের বাড়ির পাশের আগৈলঝাড়া থানায় পাঠিয়ে দেন, যা আইনবহির্ভূত। বিষয়টি হাইওয়ে পুলিশের ডিআইজি ও পুলিশ সুপারকে জানানো হয়েছে।' তবে অভিযোগ অস্বীকার করে গৌরনদী উপজেলা বিএনপির সদস্যসচিব জহির সাজ্জাদ হান্নান শরীফ বলেন, বরিশালে চোখের ডাক্তার দেখাতে শরীয়তপুর থেকে ৬২ জন রোগী নিয়ে বাসটি যাচ্ছিল। হাসপাতালের সামনে দুর্ঘটনা ঘটে। পরে বাসটি পেট্রলপাম্পে সাইড করতে গেলে হাইওয়ে পুলিশ চালকের ওপর চড়াও হয়। এতে স্থানীয় বাসিন্দাদের সঙ্গে পুলিশের বাগ্‌বিতণ্ডা হয়। তিনি দাবি করেন, পুলিশের কাজে কোনো বাধা দেওয়া হয়নি। নিহত ব্যক্তির চাচাতো ভাই মো. মিন্টু বলেন, 'মানুষ মারা গেছে, কিন্তু আইন প্রয়োগ করতে দেবে না। হান্নান শরীফের ছেলেরা গানিতে পুকে বাধা দিয়েছে। এখনো নিহত ইউনুসের দাফন সম্পন্ন হয়নি। আগৈলঝাড়া উপজেলা বিএনআহ্বায়ক হাফিজ সিকদার হাইওয়ে থানায় গেছেন। পুশের সঙ্গে কথা বলে আইনি জটিলতা শেষ হলে নিহত ইউনুসের জানাজা সম্পন্ন হবে।' বিএনকেন্দ্রীয় সহসাংগঠনিক সম্পাদক আকন কুদ্দুসুর রহমান বলেন, 'পুলিশের কাজে বাধা দিয়ে হান্নান শরীফ মারাত্মক অন্যায় করেছেন। তাঁর মতো লোকের কারণে দলের ভাবমূর্তি নষ্ট হচ্ছে। সরকাকাজে বাধা দেওয়ায় পুতাঁর বিরুদ্ধে কেন আইনি পদক্ষেপ নেয় না।' এ ব্যাপারে গৌরনদী হাইওয়ে থানার দ্বাপ্রাপ্ত ওসি এবং ভাঙ্গা থানার পরিদর্শক মো. হেলাল বলেন, দুর্ঘটনার পর বাস আটক নিয়ে ঝামেলা হয়ে। এই ঘটনায় মামলা করা হবে।

বরিশালে মারা গেছে ১৯ জন

প্রতিরোধ ক্ষমতা কম হলে হামে আক্রান্তের সম্ভাবনা বেশি বলে জানান শিশু রোগ বিশেষজ্ঞ। এদিকে হামের টিকার প্রতি সরকার বিশেষ গুরুত্ব দিয়েছে বলে জানান বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা। বরিশাল শেবাচিম শিশু বিভাগের বিভাগীয় প্রধান বিকাশ চন্দ্র নাগ বলেন, 'শেষ রাউন্ড টিকাদান কর্মসূচী বাংলাদেশে হয় নি। যার ফলে ২০২০ এর পর থেকে বিশেষ করে যেসব বাচ্চারা জন্মগ্রহণ করেছে সবাই আনপ্রটেক্টেড।' বিএনপি চেয়ারম্যানের স্বাস্থ্য উপদেষ্টা ডা. জিয়াউদ্দিন হায়দার বলেন, 'মূল ধারণক্ষমতার কখনো কখনো আট বা নয়গুণ রোগীকে আমরা চিকিৎসা দিচ্ছি। ফলে যেটা হচ্ছে চিকিৎসকদের জন্য চাপ হয়ে যাচ্ছে। আমাদের রোগীদের বিছানা শেয়ার পর্যন্ত করতে হচ্ছে।'

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনার সম্ভাবনা, পাকিস্তানে চলছে প্রস্তুতি

কীর্তনখোলা ডেস্ক

আগামী শুক্রবারের আগে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনা হতে পারে বলে জানিয়েছেন পাকিস্তানের দুটি সূত্র। রোববার (১৯ এপ্রিল) নাম গোপন রাখার শর্তে তারা সংবাদমাধ্যম আলজাজিরাকে বলেছেন, বেশ কিছু বিষয়ের ওপর ভিত্তি করে তারা আলোচনা হওয়ার সম্ভাবনা দেখছেন। তারা জানিয়েছেন, প্রথম বিষয় হলো রাজধানী ইসলামাবাদের কাছে রাওয়ালপিন্ডির নূর খান বিমানঘাঁটিতে যুক্তরাষ্ট্রের দুটি ভারী সি-১৭ গ্লোবমাস্টার বিমান অবতরণ করেছে। সূত্রগুলো আরও বলেছেন, বিমানবন্দর থেকে ইসলামাবাদের রেড জোনে যাওয়া সড়কগুলো অস্থায়ীভাবে বন্ধ করে দেওয়া হয়েছে। যা নির্দেশ করছে সেখানে উচ্চপর্যায়ের নিরাপত্তার ব্যবস্থা করা হচ্ছে। সর্বশেষ যে বিষয়টি সম্ভাব্য আলোচনার ইঙ্গিত করছে সেটি হলো ইসলামাবাদের সেরেনা এবং ম্যারিয়ট হোটেলগুলো খালি করা হচ্ছে। হোটেলগুলোতে আগামী শুক্রবার পর্যন্ত কোনো বুকিং নেওয়া হচ্ছে না। গত ১১ এপ্রিল ইসলামাবাদের সেরেনা হোটেলেই যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে প্রথম দফার আলোচনা হয়। যদিও ওই আলোচনা থেকে দুই দেশ কোনো চুক্তিতে পৌঁছাতে পারেনি। এরআগে পাকিস্তানের একটি সূত্র সংবাদমাধ্যম সিএনএনকে বলেছিলেন, সোমবার ইরানি ও মার্কিনিদের মধ্যে আলোচনা হবে। তবে আপাতত সোমবার আলোচনার কোনো সম্ভাবনা দেখা যাচ্ছে না।

জুলাইয়ে হত্যাযজ্ঞ কাদের-সাদ্দামসহ শীর্ষ ৭ নেতার বিরুদ্ধে সাক্ষ্য দিলেন তদন্ত কর্মকর্তা

কীর্তনখোলা ডেস্ক

জুলাই গণঅভ্যুত্থানে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ যুবলীগ-ছাত্রলীগের শীর্ষ সাত নেতার বিরুদ্ধে সাক্ষ্য দিয়েছেন তদন্ত কর্মকর্তা আহমেদ নাসের উদ্দিন মোহাম্মদ। রোববার (১৯ এপ্রিল) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেলে তার জবানবন্দি রেকর্ড করা হয়। প্যানেলের অপর সদস্যরা হলেন, বিচারক মো. মঞ্জুরুল বাছিত ও নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর। এ মামলায় ২৬ নম্বর সাক্ষী হিসেবে জবানবন্দি দেন নাসের উদ্দিন। তিনি এ ঘটনায় তদন্তকালীন কী কী জব্দ করেছেন, তা ট্রাইব্যুনালে পুঙ্খানুপুঙ্খ তুলে ধরেন। কোন দিন, কোন সময়ে এসব জব্দ করা হয়েছে, তা লিপিবদ্ধ করা হয়। তবে জবানবন্দি শেষ না হওয়ায় আগামীকাল সোমবার (২০ এপ্রিল) পর্যন্ত মুলতবি করেন ট্রাইব্যুনাল। ট্রাইব্যুনালে প্রসিকিউশনের পক্ষে শুনানি করেন প্রসিকিউটর ফারুক আহাম্মদ। সঙ্গে ছিলেন প্রসিকিউটর সহিদুল ইসলাম সরদার, আবদুস সোবহান তরফদারসহ অন্যরা। এ মামলার সব আসামিই পলাতক রয়েছেন। তাদের অনুপস্থিতিতেই চলছে বিচারকাজ। এরই মধ্যে প্রত্যক্ষদর্শীসহ শহীদ পরিবারের সদস্য ও আহতরা সাক্ষ্য দিয়েছেন। সবমিলিয়ে ঘটনার সাক্ষী হিসেবে ২৫ জনের জবানবন্দি নেওয়া হয়। ওবায়দুল কাদের ছাড়া পলাতক অন্যরা হলেন- আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম, সাবেক তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত, যুবলীগের সভাপতি শেখ ফজলে শামস পরশ, সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান নিখিল, ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক ওয়ালি আসিফ ইনান। তাদের হয়ে আইনি লড়াই করছেন সরকারি খরচে নিয়োগ পাওয়া রাষ্ট্রনিযুক্ত আইনজীবী লোকমান হাওলাদার ও ইশরাত জাহান। চলতি বছরের ২২ জানুয়ারি সাত আসামির বিরুদ্ধে অভিযোগ গঠনের মাধ্যমে বিচার শুরুর আদেশ দেন ট্রাইব্যুনাল-২। গত বছরের ১৮ ডিসেম্বর প্রসিকিউশনের দেওয়া ফরমাল চার্জ বা আনুষ্ঠানিক অভিযোগ আমলে নেন আদালত। প্রসিকিউশনের আনা অভিযোগ অনুযায়ী আসামিরা জুলাই-আগস্টে আন্দোলন দমনে সমন্বিতভাবে নির্দেশ, প্ররোচনা ও উসকানিমূলক বক্তব্য দেন। নেতাকর্মীদের রাজপথে নামিয়ে প্রতিরোধ গড়ে তুলতে আহ্বান জানানোসহ একাধিক বৈঠকে সহিংসতার পরিকল্পনা করেন। কোথাও কোথাও সশস্ত্র হামলা, কঠোর দমন-পীড়ন ও গণমাধ্যম নিয়ন্ত্রণে ভূমিকা রাখেন। তাদের এসব কর্মকাণ্ডের ফলে দেশজুড়ে হত্যা, হত্যাচেষ্টা ও ব্যাপক সহিংসতা সংঘটিত হয়, যা মানবতাবিরোধী অপরাধ হিসেবে শাস্তিযোগ্য বলে উল্লেখ করে প্রসিকিউশন।

গৌরনদীতে হাম-রুবেলা টিকাদান

সভাপতি গিয়াস উদ্দিন মিয়া সহ অন্যান্যরা। সভায় উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণ অংশগ্রহণ করেন। উল্লেখ আগামী ২০ এপ্রিল থেকে ১০ মে পর্যন্ত গৌরনদী উপজেলার মোট ২৩২ টি কেন্দ্রে হাম-রুবেলা টিকাদান চলবে।

পিরোজপুরে ১৯ স্লুইসগেট অকেজো

বিভিন্ন মৌসুমি ফসল নষ্ট হচ্ছে এবং পানির চাপে খালপাড় ও গ্রামীণ সড়কে মারাত্মক ভাঙন দেখা দিয়েছে। চর-গাজীপুর গ্রামের কৃষক সাইফুল ইসলাম বলেন, স্লুইসগেট ঠিকমতো কাজ না করায় জোয়ার এলেই জমিতে পানি ঢুকে পড়ে। ফসল তো নষ্ট হচ্ছেই, এখন বাড়িঘর ও রাস্তার নিরাপত্তাও নেই। বলেশ্বর নদের তীরবর্তী ইন্দুরকানী গ্রামের ভাড়ানি খালের ওপর নির্মিত একটি গুরুত্বপূর্ণ স্লুইসগেট সম্পূর্ণ ভেঙে পড়েছে। এতে পার্শ্ববর্তী বসতবাড়ি চরম ঝুঁকিতে রয়েছে। প্রবল স্রোতে খালসংলগ্ন প্রায় তিন কিলোমিটার গ্রামীণ সড়ক বিলীন হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। স্থানীয়দের ভাষ্য অনুযায়ী, খালের গভীরতা বর্তমানে ৮ থেকে ৯ ফুটে পৌঁছানোয় দুই পাড়েই মারাত্মক ভাঙন শুরু হয়েছে। উপজেলার সদর ইউনিয়নের কঁচা নদ তীরবর্তী কালাইয়া ও ইন্দুরকানী গ্রামের চারটি স্লুইসগেটের কপাটই ভেঙে গেছে। ফলে অমাবস্যা ও পূর্ণিমার জোয়ারে নদীর পানি ঢুকে রবিশস্যের ব্যাপক ক্ষতি হচ্ছে। এছাড়া বালিপাড়া ইউনিয়নের ২টি, পাড়েরহাটের ৮টি এবং চণ্ডিপুর ইউনিয়নের ৫টি স্লুইসগেট দীর্ঘদিন ধরে অকার্যকর অবস্থায় পড়ে রয়েছে। উত্তর ইন্দুরকানী গ্রামের ভাড়ানি খালের একটি স্লুইসগেটের কপাট না থাকায় এক পাশের বেড়িবাঁধ পুরোপুরি ভেঙে গেছে। বর্তমানে সেখানে নৌকা ও ট্রলার চলাচল করছে। স্থানীয়দের অভিযোগ, গত ছয় বছর ধরে ভাঙন চললেও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কোনো কার্যকর সংস্কার কাজ করেনি। বালিপাড়া গ্রামের কৃষক আবুল হোসেন বলেন, এই স্লুইসগেটগুলোর ওপরই আমাদের কৃষি নির্ভর করে। দ্রুত সংস্কার না হলে পুরো এলাকা কৃষি বিপর্যয়ের মুখে পড়বে। চণ্ডিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান মঞ্জু বলেন, স্লুইসগেটগুলো দীর্ঘদিন ধরে মেরামত না করায় পানির স্বাভাবিক প্রবাহ ব্যাহত হচ্ছে। ফলে পানির চাপ বৃদ্ধি পেয়ে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে, যার কারণে রাস্তাঘাট ও ফসলি জমি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। বিষয়টি একাধিকবার পানি উন্নয়ন বোর্ডকে অবহিত করা হয়েছে। তবে তারা জানিয়েছেন, প্রয়োজনীয় বরাদ্দ পাওয়া গেলে দ্রুত মেরামত কাজ শুরু করা হবে। তিনি আরও বলেন, বর্ষা মৌসুম এলেই স্লুইসগেট সমস্যার কারণে পুরো ইউনিয়ন পানির নিচে তলিয়ে যায়। তাই বর্ষার আগেই স্লুইসগেটগুলো মেরামত করা না হলে সাধারণ মানুষের ঘরবাড়ি ও ফসলি জমিতে বড় ধরনের ক্ষতির আশঙ্কা রয়েছে। এ বিষয়ে পিরোজপুর পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী নুসাইর হোসেন জানান, কঁচা ও বলেশ্বর নদসংলগ্ন বিধ্বস্ত স্লুইসগেটগুলো পুনর্নির্মাণ ও সংস্কারের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠানো হয়েছে। দ্রুত বরাদ্দ পাওয়া গেলে কাজ শুরু করা হবে।

এসএসসি পরীক্ষার্থী ছাত্রীকে

দোলার ভাড়াটিয়া বাসার নিচ থেকে ১৭ এপ্রিল রাত সাড়ে ১১টায় সাদিয়া আক্তার দোলাকে অপহরণ করে নিয়ে যায় এইচএসসি পরীক্ষার্থী আবিদ মোল্লা। এঘটনায় ছাত্রীর পিতা সুমন সরদার বাদী হয়ে শনিবার সকালে আগৈলঝাড়া থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। এব্যাপারে থানার এসআই সমীর বিশ্বাস লিখিত অভিযোগ পাওয়ার সত্যতা স্বীকার করে বলেন, আমরা ছেলে ও মেয়ের সন্ধান পেয়েছি। উদ্ধারের জন্য চেষ্টা চলমান রয়েছে।

তালতলীতে বিদ্যুৎস্পৃষ্টে ছেলের

গেলে তার বাবা আব্দুল আজিজ খানও বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আহত হন। পরে স্থানীয়রা দ্রুত তাদের উদ্ধার করে আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পথে সোহেল খান মারা যান।আহত আব্দুল আজিজ খান বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এ বিষয়ে তালতলী থানার ওসি (তদন্ত) শরীফুল ইসলাম জানান, ঘটনাটি শুনেছি এবং ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। ঘটনায় এলাকাজুড়ে শোকের ছায়া নেমে এসেছে।

কাউখালীতে ট্রলারঘাটে নেই

অসাবধানতায় যেকোনো সময় বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা থাকলেও কর্তৃপক্ষের কোনো কার্যকর উদ্যোগ লক্ষ্য করা যাচ্ছে না। স্থানীয় বাসিন্দারা জানান, এই ঘাট দিয়ে প্রতিদিন কয়েকশ মানুষ যাতায়াত করেন। বর্ষা মৌসুমে নদীর পানি বেড়ে গেলে পরিস্থিতি আরও ভয়াবহ আকার ধারণ করে। তখন পাড় কর্দমাক্ত ও পিচ্ছিল হয়ে পড়ায় দুর্ঘটনার ঝুঁকি বহুগুণ বেড়ে যায়। নিয়মিত যাতায়াতকারী ব্যবসায়ী আবুল হোসেন ও কলেজছাত্রী সোনালী মন্ডল ক্ষোভ প্রকাশ করে বলেন, প্রতিদিন এই ঘাট দিয়ে আমাদের যাতায়াত করতে হয়। সিঁড়ি না থাকায় খাড়া পাড় বেয়ে খুব কষ্ট করে ওঠানামা করতে হয়। অনেক সময় জামাকাপড় নষ্ট হয় এবং পা পিছলে পড়ে যাওয়ার ভয় থাকে। ঘাটের ইজারাদার মোহাম্মদ আলাউদ্দিন ও স্থানীয় এলাকাবাসীর দাবি, যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে এখানে দ্রুত একটি টেকসই পাকা সিঁড়ি নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে কাউখালী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. আসাদুজ্জামান বলেন, যাত্রীদের নিরাপত্তার বিষয়টি আমাদের বিবেচনায় রয়েছে। প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে দ্রুততম সময়ের মধ্যে সেখানে একটি স্থায়ী সিঁড়ি নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হবে।

দাম বাড়লেও কমেনি ভিড়

অকটেন ২০, পেট্রোল ১৯ এবং ডিজেল ১৫ টাকা বেড়ে যাওয়ায় বাড়তি ভোগান্তিতে পড়েছেন যানবাহন চালকরা। তারা জানান, দাম বাড়লেও এখনো লাইনে দাঁড়িয়ে থেকে তেল নিতে হচ্ছে তাদের। আর যাত্রী পরিবহনের যানবাহন চালকরা জানান, তেলের দাম বাড়লেও ভাড়া এখনো বাড়াননি তারা। বর্তমানে বরিশালের পেট্রোল পাম্পগুলোতে প্রতি লিটার অকটেন ১৪০ টাকা, পেট্রোল ১৩৫ টাকা এবং ডিজেল ১১৫ টাকায় বিক্রি হচ্ছে।

বরিশালে আমান ফরেইন ল্যাংগুয়েজ

করা হয়। তারা হলেন, রাজীব সরকার ও সিয়াম আহমেদ। আগামী ২২ এপ্রিল তারা জাপান যাচ্ছেন। এছাড়া ইন্টারন্যাশনাল জব ভিসায় এই প্রতিষ্ঠান থেকে সফল মো: মিঠুন হাওলাদারকেও বিশেষ সম্মাননা এবং সংবর্ধনা প্রদান করা হয়। আয়োকরা জানান, সফল শিক্ষার্থীদেরকে ভাষা শেখানো থেকে শুরু করে ভিসা প্রসেসিং সহ যাবতীয় কাজ সম্পন্ন করে দিচ্ছে আমান ফরেইন ল্যাংগুয়েজ সেন্টার। প্রধান অতিথির বক্তব্যে প্রতিষ্ঠানের চেয়ারম্যান আমান উল্লাহ আমান বলেন, "আমাদের লক্ষ্য কেবল ভাষা শেখানো নয়, বরং আন্তর্জাতিক শ্রমবাজার ও উচ্চশিক্ষার বৈশ্বিক মঞ্চে দক্ষ জনশক্তি তৈরি করা। আজ আমাদের প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের এই সাফল্যই বরিশালবাসীর আস্থার প্রতিফলন।" বিশেষ অতিথির বক্তব্যে বরিশাল জেলা সাংবাদিক ইউনিয়নের সভাপতি আযাদ আলাউদ্দীন বলেন, "বিদেশের মাটিতে দক্ষ নাগরিক হিসেবে গড়ে উঠতে ভাষা শিক্ষার বিকল্প নেই। বরিশালের মাটিতে বসে আমান ফরেইন ল্যাংগুয়েজ সেন্টার শিক্ষার্থীদের বিশ্বজয়ের সুযোগ করে দিচ্ছে, যা অত্যন্ত প্রশংসনীয়।" সেমিনারে বক্তারা জাপান এবং দক্ষিণ কোরিয়ার স্টুডেন্ট ভিসা ও জব ভিসার বর্তমান সুযোগ-সুবিধা এবং আবেদন প্রক্রিয়া নিয়ে বিস্তারিত আলোচনা করেন। উল্লেখ্য যে, আমান ফরেন ল্যাঙ্গুয়েজ সেন্টার বরিশাল অঞ্চলে একমাত্র প্রতিষ্ঠান হিসেবে জাপানিজ ও কোরিয়ানসহ বিশ্বের ৩২টি দেশের ভাষার প্রশিক্ষণ দিয়ে আসছে। অনুষ্ঠানে সংবর্ধিত শিক্ষার্থীরা তাদের এই দীর্ঘ পথচলায় প্রতিষ্ঠানের আন্তরিক সহযোগিতা ও দিকনির্দেশনার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, জাপানিজ ভাষার ট্রেইনার হাসান বশির, আনিক রহমান বাপ্পী ও ব্যবস্থাপক মাহবুবুর রহমান।

এবার এসএসসি পরীক্ষার্থী

২১৬টি। পরীক্ষায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান ১হাজার ৫১৫টি। জানা যায়, চলতি ২০২৬ খ্রিষ্টাব্দের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা মঙ্গলবার (২১ এপ্রিল) এ পরীক্ষা শুরু হবে। আর শেষ হবে ২০ মে। প্রতিদিন সকাল ১০টা থেকে পরীক্ষা শুরু হবে। পরীক্ষার রুটিনে বলা হয়েছে, ৭ থেকে ১৪ জুন পর্যন্ত ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। আর ১৮ জুনের মধ্যে হাতে লেখা নম্বরফর্দ এবং ব্যবহারিক উত্তরপত্র, আনুষঙ্গিক কাগজপত্র ও স্বাক্ষরলিপি বিভাগ অনুযায়ী রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে হাতে হাতে মাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে। পরীক্ষার্থীদের জন্য ১৪টি বিশেষ নির্দেশনা দেয়া হয়েছে আগেই। এদিকে শনিবার (১৮ এপ্রিল) যানজট ও জনদুর্ভোগ লাঘবের জন্য পরীক্ষার্থীদের কেন্দ্রে সাড়ে ৮টার থেকে প্রবেশের নির্দেশনা দেয়া হয়। তবে পরীক্ষা কক্ষে প্রবেশ সংক্রান্ত আগের নির্দেশনা বহাল থাকবে বলে জানানো হয়। আর রোববার (১৯ এপ্রিল) সব কেন্দ্রে পরীক্ষার্থীদের জন্য পর্যাপ্ত নিরাপদ পানি রাখার নির্দেশনা দেয়া হয়।

শেষ নিঃশ্বাস পর্যন্ত লড়াইয়ের

সদস্যরা শেষ নিঃশ্বাস পর্যন্ত লড়াই করবেন। রোববার কাতার-ভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, ইরানের স্বাধীনতা, ভৌগোলিক অখণ্ডতা এবং নিরাপত্তা রক্ষার অঙ্গীকার করেছেন দেশটির সেনাপ্রধান আমির হাতামি। তিনি বলেছেন, সশস্ত্র বাহিনীর অন্যান্য শাখার পাশাপাশি সেনাবাহিনীও সামরিক সক্ষমতা বৃদ্ধির সাথে সাথে শত্রুদের দৃঢ়ভাবে মোকাবিলা করতে সর্বদা প্রস্তুত রয়েছে। হাতামি বলেন, ইরানি বাহিনী আত্মত্যাগ ও 'জিহাদি' চেতনায় উদ্বুদ্ধ এবং তারা তাদের দায়িত্ব পালনের অবিচল অঙ্গীকার ব্যক্ত করেছে। ইরানের এই সেনাপ্রধান বলেন, আমাদের বাহিনী শত্রুর মোকাবিলায় এবং আত্মত্যাগের জন্য ট্রিগারে আঙুল রেখে প্রস্তুত রয়েছে; তারা শেষ নিঃশ্বাস পর্যন্ত শত্রুর মোকাবিলা করবে।

ইরানে যুদ্ধবিমান ভূপাতিতের খবরে

বলা হয়, সহকারীরা মিনিটে মিনিটে আপডেট দেওয়ার বদলে গুরুত্বপূর্ণ সময়ে ট্রাম্পকে ব্রিফ করতেন, কারণ তারা মনে করেছিলেন তার অধৈর্যতা পরিস্থিতি সামাল দিতে সহায়ক হবে না। প্রতিবেদন অনুযায়ী, একটি মার্কিন যুদ্ধবিমান ভূপাতিত হয়ে দুইজন বিমানসেনা নিখোঁজ হওয়ার খবর পাওয়ার পর ট্রাম্প ঘণ্টার পর ঘণ্টা সহকারীদের সঙ্গে চিৎকার করেন। তিনি বারবার বলেন, ইউরোপীয়রা কোনো সহায়তা করছে না। এ সময় ট্রাম্প ইরানে ইসলামি বিপ্লবের প্রসঙ্গও তোলেন এবং সাবেক প্রেসিডেন্ট জিমি কার্টারের উদাহরণ দিয়ে বলেন, ওই ঘটনা নির্বাচনে তাদের পরাজয়ের কারণ হয়েছিল। প্রতিবেদনে আরও বলা হয়, ট্রাম্প দ্রুত পদক্ষেপ নেওয়ার দাবি জানালেও বাস্তবতায় নানা লজিস্টিক চ্যালেঞ্জ ছিল, কারণ ১৯৭৯ সালের পর থেকে যুক্তরাষ্ট্র ইরানের মাটিতে সরাসরি সামরিক অভিযান পরিচালনা করেনি। ইরানের প্রধান তেল রপ্তানি কেন্দ্র খারগ দ্বীপ দখলের সম্ভাব্য অভিযান নিয়েও ট্রাম্প আপত্তি জানান। যদিও তাকে জানানো হয়েছিল যে অভিযান সফল হতে পারে, তবুও সম্ভাব্য হতাহতের ঝুঁকি উল্লেখ করে তিনি বলেন, ওরা সহজ লক্ষ্যবস্তু হয়ে যাবে।

ভাণ্ডারিয়ায় তার চুরির

সাম্প্রতিক সময়ে ভাণ্ডারিয়া পৌর এলাকায় বিদ্যুতের পোল ও বাসা-বাড়ির বিদ্যুৎ সংযোগের তার কেটে নেওয়ার বেশ কয়েকটি ঘটনা ঘটে। এসব অভিযোগের প্রেক্ষিতে অভিযান চালিয়ে আজ সকালে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারের সময় তার কাছ থেকে তার কাটার বিভিন্ন সরঞ্জাম জব্দ করা হয়েছে। বিষয়ে ভাণ্ডারিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি দেওয়ান জগলুল হাসান সাংবাদিকদের জানান, আটককৃত ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা হয়েছে। চুরির উপদ্রব কমাতে এলাকায় পুলিশি তৎপরতা আরও বাড়ানো হয়েছে।

গভীর রাতের অভিযানে

অবৈধ বেহুন্দি ও কারেন্ট জাল দিয়ে পাঙাশের পোনা ও জাটকা ইলিশ শিকার করছেন। গোপন সংবাদের ভিত্তিতে হিজলা ও মেহেন্দীগঞ্জ মৎস্য দপ্তর, উপজেলা প্রশাসন ও নৌ পুলিশ শনিবার দিবাগত রাত ১টার দিকে মেঘনায় অভিযান চালায়। অভিযানে হিজলা উপজেলার খুন্না গোবিন্দপুর গ্রামের ফারুক ভূঁইয়া (৫০), বাউশিয়া গ্রামের জিয়া উদ্দীন (২৩), মেহেন্দীগঞ্জ উপজেলার আদর্শ নগর গ্রামের আল আমিন বিশ্বাস (৩০), রতন ব্যাপারী (৩৩), জুলহাস ব্যাপারী (২৮), পশ্চিম লালখারাবাদ গ্রামের আলামিন হাওলাদার (৩৫), বাখরজা গ্রামের ইরশাদ হোসেন (৪৫), মিরলিরচর গ্রামের চুন্নু হাওলাদার (৪০), মাইদুল ব্যাপারী (৩৫), মেহেন্দীগঞ্জ গ্রামের সেলিম খান (৪৫), সাহিন হোসেন (৪৫), মো. সাব্বির (২৭) ও মো. আব্দুল্লাহ (২৬) নামের ১৩ জেলেকে আটক করা হয়। রাতেই তাঁদের ২ হাজার টাকা করে মোট ২৬ হাজার টাকা জরিমানা করেন হিজলা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট অভ্র জ্যোতি বড়ালের ভ্রাম্যমাণ আদালত। হিজলা জ্যেষ্ঠ উপজেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ আলম জানান, গভীর রাতে মেঘনা নদীতে অভিযানে আটক ১৩ জেলেকে জরিমানা করা হয়েছে। অবৈধ বেহুন্দি ও কারেন্ট জাল পুড়িয়ে ধ্বংস করা হয়েছে। মৎস্য সম্পদ রক্ষায় প্রশাসনের এই ধরনের অভিযান অব্যাহত থাকবে।

বোরহানউদ্দিনে মাদকসহ

১০টি ইয়াবা এবং মাদক বিক্রির ৪২০ টাকাসহ দুজনকে আটক করা হয়। তাঁরা মাদক কারবারের সঙ্গে জড়িত বলে জানায় পুলিশ। ওসি মনিরুজ্জামান আরও জানান, এ বিষয়ে বোরহানউদ্দিন থানায় মামলা প্রক্রিয়াধীন।

ভাণ্ডারিয়ায় তেল ব্যবসায়ীকে

প্রতিষ্ঠানটির মালিক মো. ফয়সাল খান নির্ধারিত দামের চেয়ে বেশি দামে তেল বিক্রি করে আসছিলেন এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান পরিচালনা করা হয়। অপরাধ প্রমাণিত হওয়ায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯-এর ৪০ ধারায় তাকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। এসময় তিনি জানান, ভবিষ্যতের জন্য তাকে সরকারি নির্দেশানা মানার জন্য সতর্ক করা হয়। এবং জনস্বার্থে এবং বাজারমূল্য স্থিতিশীল রাখতে এ ধরনের তদারকি ও অভিযান অব্যাহত থাকবে। অভিযানে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা সহায়তা প্রদান করেন।

সড়ক দুর্ঘটনায় ববি শিক্ষার্থী আহত

অবরোধ কর্মসূচি প্রত্যাহার করে নেন। গত শনিবার (১৮ এপ্রিল) বিশ্ববিদ্যালয় সংলগ্ন ব্রিজের উপর তেলবাহী একটি লরির সাথে মোটরসাইকেলের সংঘর্ষে গুরুতর আহত হন তামিম। দুর্ঘটনায় তার মোটরসাইকেলটি দুমড়ে-মুচড়ে যায়। ততখনাৎ স্থানীয় ও সহপাঠীরা তাকে উদ্ধার করে তাৎক্ষণিকভাবে শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। শনিবারের ঘটনার পর মালিক সমিতি ক্ষতিপূরণ দেওয়ার আশ্বাস দিলেও রোববার নির্ধারিত সময় দুপুর ১২টার মধ্যে তারা উপস্থিত হতে ব্যর্থ হয়। এতে ক্ষুব্ধ হয়ে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা ৪ দফা দাবিতে ঢাকা-কুয়াকাটা মহাসড়ক অবরোধ করেন। টানা ২ ঘণ্টা অবরোধের ফলে মহাসড়কে তীব্র যানজটের সৃষ্টি হয় এবং সাধারণ যাত্রীরা চরম ভোগান্তিতে পড়েন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বিকাল ৫টায় উপাচার্যের কার্যালয়ে এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন:আহত শিক্ষার্থীর বাবা শহিদুল ইসলাম, বরিশাল বিভাগীয় পেট্রোল পাম্প ও ট্যাংকলরি সমিতির সাধারণ সম্পাদক মীর আহসান উদ্দিন পারভেজ ও সহ-সভাপতি মীর জিয়া উদ্দিন মিজান, বিভাগীয় শ্রমিক ইউনিয়নের সভাপতি এ কে এম শহিদুল্লাহ। বৈঠক শেষে আহত শিক্ষার্থীর বাবার হাতে চিকিৎসার ব্যয়ভার বাবদ ৪ লাখ টাকা তুলে দেন শ্রমিক ইউনিয়ন নেতা এ কে এম শহিদুল্লাহ। আহতের বাবা শহিদুল ইসলাম বলেন, "ট্যাংকলরি মালিক সমিতি আমাদের পাশে দাঁড়িয়েছে এবং চিকিৎসার ভার বহন করেছে।" এ কে এম শহিদুল্লাহ জানান, "সবার উপস্থিতিতে একটি সুষ্ঠু সমাধান করা হয়েছে এবং ভবিষ্যতে আমরা শিক্ষার্থীর পাশে থাকবো।" রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ভিপি সংবাদমাধ্যমকে জানান, "মালিক সমিতি আমাদের ৪ দফা দাবি মেনে নিয়েছে এবং ক্ষতিপূরণ প্রদান করেছে। তারা ভবিষ্যতে পাশে থাকার আশ্বাস দেওয়ায় আমরা আন্দোলন প্রত্যাহার করে নিয়েছি।" বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. রাহাত হোসেন ফয়সাল বলেন,"চিকিৎসা খরচ ও গাড়ি মেরামত বাবদ আর্থিক ক্ষতিপূরনের মাধ্যমে বিষয়টি সমাধান হয়েছে। আর স্থায়ী সমাধানের জন্য আমরা কাজ করছি।

বানারীপাড়ায় ভোজ্য তেল

১৬০ লিটার সয়াবিন ও পামওয়েল মজুত রাখাসহ নানা অনিয়মের অভিযোগে তাকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। অভিযান পরিচালনাকারী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) জি এম এ মুনিব জানান, বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি, পণ্যের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি ও ভোক্তাদের ক্ষতি ঠেকাতে এ জরিমানা করা হয়েছে। ভবিষ্যতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

বাবুগঞ্জে কীটনাশকের দোকানে মিলল

৪৫ হাজার টাকায় বিক্রি করা হয়। পাশাপাশি, অবৈধভাবে জ্বালানি তেল মজুত এবং বেশি দামে বিক্রি করার অপরাধে কীটনাশক ব্যবসায়ী, মেসার্স সুমন স্টোরের স্বত্বাধিকারী নুরুল ইসলামকে মোবাইল কোর্টে অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইনে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। বাবুগঞ্জ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কামরুন্নাহার তামান্না বলেন, অবৈধভাবে জব্দ জ্বালানি তেল স্থানীয় ট্রলার, ট্র্যাক্টর, স্পিডবোট, মাহেন্দ্র এবং মোটরসাইকেল চালকদের নিকট নিলামে বিক্রি করা হয়েছে। এর মধ্যে ১৪শ লিটার ডিজেল এক লাখ ৬১ হাজার এবং ৬০০ লিটার অকটেন ৮৪ হাজার টাকায় বিক্রি করা হয়েছে। এছাড়া জরিমানার ১০ হাজার টাকাও সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে। এনএসআই'র দায়িত্বশীল সূত্র জানিয়েছে, তাদের গোয়েন্দারা গোপন পর্যবেক্ষণে জানতে পারেন, নুরুল ইসলাম নিজের সার ও কীটনাশকের দোকানে দীর্ঘদিন ধরে অবৈধভাবে তেল মজুত করে সরকার নির্ধারিত দামের থেকেও ৫০-৬০ টাকা বেশি দামে বিক্রি করে আসছেন। এর ধারাবাহিকতায় বরিশাল নগরীর পোর্ট রোড এসএম ট্রেডার্সের নামে মেঘনা অয়েল ডিপো হতে জ্বালানি তেল সংগ্রহ করে মজুত ও অতিরিক্ত দামে বিক্রির উদ্দেশে বাবুগঞ্জের আগরপুর বাজারের নিজ দোকানে নিয়ে যান নুরুল ইসলাম। গোয়েন্দারা ওই তেলের গাড়ি অনুসরণ করে আগরপুর বাজারে এসে দেখতে পান, তাদের নিজ মালিকানাধীন মোট ৫টি দোকান ও দুটি গোডাউন রয়েছে। এসব দোকানে তেল মজুত করতেন তিনি। অভিযানে এনএসআই বরিশাল জেলা কার্যালয়ের কর্মকর্তা, কর্মচারী, উপজেলা প্রশাসন ও আগরপুর তদন্ত কেন্দ্রের পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

পটুয়াখালীতে ঘোড়ায় চড়িয়ে

ব্যাপার। তাই আমরা চেয়েছি তাকে সম্মানের সঙ্গে বিদায় জানাতে। বিদ্যালয়ের সহকারী শিক্ষক (ইংরেজি) রইছ উদ্দিন বলেন, ফোরকান স্যার সব সময় সততার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। সহকর্মী হিসেবে তাকে পেয়ে আমরা গর্বিত। তিনি এই বিদ্যালয়ের ছাত্র ছিলেন, পরে এখানেই শিক্ষকতা করেছেন, আজ তার বিদায় আমাদের জন্য আবেগঘন মুহূর্ত। বিদায়ি শিক্ষক ফোরকান তালুকদার বলেন, দীর্ঘ ৩৭ বছরের শিক্ষকতা জীবনে অনেক শিক্ষার্থীকে পড়ানোর সুযোগ হয়েছে। তাদের অনেকেই এখন দেশের বিভিন্ন জায়গায় প্রতিষ্ঠিত। আজকের এই সম্মাননা আমাকে অভিভূত করেছে। আমি কখনো ভাবিনি আমার জন্য এভাবে আয়োজন করা হবে। যারা এই আয়োজন করেছে, তাদের জন্য আমি দোয়া করি।

হাম ও উপসর্গে আরও ৪ শিশুর মৃত্যু, নিশ্চিত শনাক্ত ১৬৫: স্বাস্থ্য অধিদপ্তর

কীর্তনখোলা ডেস্ক

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও তিন শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে নিশ্চিত হামে এক শিশুর মৃত্যু হয়েছে। রোববার স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে সর্বশেষ প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। এই হিসাব শনিবার সকাল ৮টা থেকে রবিবার সকাল ৮টা পর্যন্ত। সরকারের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ১৬৫ জনের। গত ১৫ মার্চ থেকে ১৯ এপ্রিল পর্যন্ত হাম শনাক্ত হয়েছে ৩ হাজার ৪৪৩ জনের। গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ১ হাজার ১৯৭ জন। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে ৮০৪ জন। এদিকে গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে একজনের মৃত্যু হয়েছে। গত ১৫ মার্চ থেকে ১৯ এপ্রিল পর্যন্ত নিশ্চিত হামে ৩৬ জনের মৃত্যু হয়েছে। গত ২৪ ঘণ্টায় হাম সন্দেহে তিনজনের মৃত্যু হয়েছে এবং ১৫ মার্চ থেকে ১৯ এপ্রিল পর্যন্ত সন্দেহজনক হামে মৃত্যু হয়েছে ১৮১ জনের। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, ১৫ মার্চ থেকে ১৯ এপ্রিল পর্যন্ত সন্দেহজনক হাম রোগে হাসপাতালে ভর্তি হয়েছে ১৫ হাজার ৩২৬ জন। একই সময়ে সুস্থ হয়ে ছাড়া পেয়েছে ১২ হাজার ৩৯৬ জন।

লঞ্চভাড়া ৩৬-৪২ শতাংশ বাড়ানোর প্রস্তাব

কীর্তনখোলা ডেস্ক

জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির কারণে অভ্যন্তরীণ নৌপথে যাত্রীবাহী লঞ্চের ভাড়া ৩৬ থেকে ৪২ শতাংশ পর্যন্ত বাড়ানোর প্রস্তাব দিয়েছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-চলাচল যাত্রী পরিবহন (যাপ) সংস্থা। প্রস্তাবনা অনুযায়ী ১০০ কিলোমিটারের কম ও বেশি উভয় দূরত্বে কিলো প্রতি ১ টাকা বাড়ানোর প্রস্তাব ইতিমধ্যেই অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) কাছে পাঠিয়েছে সংস্থাটি। এ ছাড়া যাত্রীপ্রতি সর্বনিম্ন ভাড়া ২৯ টাকা থেকে বাড়িয়ে ৩৫ টাকা নির্ধারণের প্রস্তাব দেওয়া হয়েছে। রোববার এ সংক্রান্ত চিঠি দেওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন সংস্থার মহাসচিব মো. ছিদ্দিকুর রহমান পাটোয়ারী। তিনি জানান, গত ১৮ এপ্রিল সরকার ডিজেলের দাম লিটারপ্রতি ১৫ টাকা বাড়িয়ে ১১৫ টাকা নির্ধারণ করেছে। এর ফলে লঞ্চ পরিচালনার ব্যয় উল্লেখযোগ্যভাবে বেড়ে গেছে। এ অবস্থায় লঞ্চ খাত টিকিয়ে রাখতে যাত্রীভাড়া পুনর্নির্ধারণ জরুরি হয়ে পড়েছে। সংস্থাটির প্রস্তাব অনুযায়ী, ১০০ কিলোমিটার পর্যন্ত দূরত্বে বর্তমান প্রতি কিলোমিটার ভাড়া ২ টাকা ৭৭ পয়সা থেকে ১ টাকা বাড়িয়ে ৩ টাকা ৭৭ পয়সা নির্ধারণের দাবি জানানো হয়েছে, যা প্রায় ৩৬ শতাংশ বৃদ্ধি। আর ১০০ কিলোমিটারের বেশি দূরত্বে বর্তমান ২ টাকা ৩৮ পয়সার স্থলে ১ টাকা বাড়িয়ে ৩ টাকা ৩৮ পয়সা নির্ধারণের প্রস্তাব করা হয়েছে, যা প্রায় ৪২ শতাংশ বৃদ্ধি। এ ছাড়া যাত্রীপ্রতি সর্বনিম্ন ভাড়া ২৯ টাকা থেকে বাড়িয়ে ৩৫ টাকা নির্ধারণের প্রস্তাব দেওয়া হয়েছে। চিঠিতে উল্লেখ করা হয়, অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী লঞ্চগুলো সম্পূর্ণভাবে ডিজেলনির্ভর। জ্বালানির দাম বৃদ্ধির পাশাপাশি প্লেট, অ্যাঙ্গেল, প্রপেলার, ইঞ্জিনের খুচরা যন্ত্রাংশ, ওয়েল্ডিং রড, গ্যাস, রং ও স্পেয়ার পার্টসসহ বিভিন্ন খাতে ব্যয় প্রায় ৫০ শতাংশ পর্যন্ত বেড়েছে। এ ছাড়া সড়ক যোগাযোগের ব্যাপক উন্নয়নের কারণে যাত্রীসংখ্যা কমে যাওয়ায় লঞ্চগুলো ধারণক্ষমতা অনুযায়ী যাত্রী পাচ্ছে না। ফলে মালিকেরা আর্থিক ক্ষতির মুখে পড়ছেন বলেও চিঠিতে উল্লেখ করা হয়। এ পরিস্থিতিতে লঞ্চ খাত টিকিয়ে রাখতে প্রস্তাবিত হারে ভাড়া পুনর্নির্ধারণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানিয়েছে যাপ।

ডিজেলে কৃষকের খরচ বাড়বে দেড় হাজার কোটি টাকা

কীর্তনখোলা ডেস্ক

দেশে এখন ডিজেলের চাহিদা প্রায় ৪৩ লাখ ৫০ হাজার টন। এর প্রায় ২৪ শতাংশ, অর্থাৎ ১০ লাখ ৪৪ হাজার টন ব্যবহার হয় কৃষিকাজে। দেশের ৮০ শতাংশ সেচ কার্যক্রমও ডিজেলনির্ভর। পাশাপাশি ক্ষেত প্রস্তুত থেকে ফসল ঘরে তোলা পর্যন্তও ডিজেল লাগে। সরকার লিটারে ১৫ টাকা বাড়ানোয় কৃষকের খরচ বাড়বে প্রায় দেড় হাজার কোটি টাকা। শনিবার (১৮ এপ্রিল) প্রতি লিটার ডিজেলের দাম ১০০ টাকা থেকে বাড়িয়ে ১১৫ টাকা নির্ধারণ করেছে সরকার। হিসাব বলছে, এতে কৃষকের ব্যয় আগের চেয়ে বাড়বে প্রায় ১ হাজার ৫৬৬ কোটি টাকা। আগের দামে কৃষকের বছরে ডিজেলে খরচ হতো ১০ হাজার ৪৪০ কোটি টাকা। নতুন করে লিটারপ্রতি ১৫ টাকা দাম বাড়ায় এখন ব্যয় হবে ১২ হাজার ৬ কোটি টাকা। কৃষি বিশেষজ্ঞরা বলছেন, এ মূল্যবৃদ্ধির ফলে কৃষি অর্থনীতিতে দুই ধরনের চাপ সৃষ্টি হতে পারে। উৎপাদন খরচ বেড়ে যাওয়ায় কৃষকের ফসলের ন্যায্যমূল্য পাওয়া আরও কঠিন হবে। আবার বাজারে খাদ্যের দাম বাড়ায় গরিব ও সীমিত আয়ের মানুষের খরচ বাড়বে। বিশেষ করে চালের দাম বেড়ে গেলে গরিব মানুষের কষ্ট যেমন বাড়বে তেমনি অন্য খরচেও এর প্রভাব পড়বে, যা মূল্যস্ফীতিকে আরও উসকে দেবে। মাঠে এখন বোরো ধান। যদিও এখন বোরো ফসলের শেষভাগ চলছে, যে কারণে খুব বেশি সেচের প্রয়োজন হবে না। তবে যন্ত্র দিয়ে বোরো কাটা, মাড়াই ও পরিবহনে খরচ বাড়বে। স্বাভাবিকভাবে তেলের দাম বাড়লে এর প্রভাব সবকিছুতে পড়ে। এতে নিশ্চিতভাবে কৃষকের খরচ বড় আকারে বাড়লো। সাশ্রয়ীভাবে মাঠে থাকা বোরো ঘরে তোলা, মাড়াই ও পরিবহন বাধাগ্রস্ত হলো। ফলে চালের দাম বাড়বে।-কৃষি সচিব আনোয়ার ফারুক আবার কিছু কিছু এলাকায় বৃষ্টি কম হওয়ায় এখনো বোরো ধানে সেচ লাগবে এক-দুবার। এছাড়া দাম বাড়ানোর আগেও জ্বালানি সংকটে অনেকে বেশি দাম দিয়ে সেচ নিয়েছেন। সব মিলে উৎপাদন খরচ বাড়ছেই। এতে উৎপাদিত ফসল বিক্রি করে খরচ না ওঠার আশঙ্কা করছেন কৃষক। কয়েক জেলায় কৃষকদের সঙ্গে কথা বলে এমন আশঙ্কার কথা জানা যায়। নওগাঁর সাপাহার এলাকার কৃষক আব্দুল মতিন বলেন, নিজের তিন বিঘা জমিতে এবার বোরো আবাদ করেছি। ডিজেল না থাকায় বিঘাপ্রতি দুই হাজার টাকার সেচ এবার আড়াই হাজার টাকা দিতে হচ্ছে। এর মধ্যে ডিজেলের দাম বেড়েছে। এখন আরও বেশি টাকা দিতে হবে। এরপর কাটা, মাড়াই সবকিছুতে বাড়তি খরচ হবে। তিনি বলেন, গত বছর আমার সব মিলিয়ে এক বিঘা জমিতে ১৬ হাজার টাকার মতো খরচ হয়েছিল। এবার অবস্থা খারাপ। এক বিঘা জমিতে ২০ হাজার টাকা ছাড়িয়ে যাবে। এরপর ফসল ঘরে তুলতে কী অবস্থা দাঁড়াবে সেটা নিয়ে ভাবছি। বগুড়া দুপচাঁচিয়া উপজেলার জিয়ানগর গ্রামের কৃষক হালিম মিয়া বলেন, এমনিতে আমন ধানের দাম নেই। এর মধ্যে তেলের দাম বাড়লো, ধান কাটা-মাড়াই করাই দুঃসাধ্য হয়ে পড়বে। গত বোরো মৌসুমে জমিতে শ্যালো মেশিন দিয়ে সেচ দিতে ১২০ টাকা নিতো ঘণ্টা, এখন ২শ টাকা। কাল থেকে কত চাইবে কে জানে? এক বিঘা জমিতে একবার সেচ দিতে বাড়তি প্রায় ৩শ টাকা খরচ পড়ছে। আমাদের কৃষি ডিজেলচালিত সেচের ওপর নির্ভরশীল। উৎপাদন স্বাভাবিক রাখতে দাম বাড়লেও ডিজেল সরবরাহ নিশ্চিত করতে হবে। কৃষকের বর্ধিত খরচ সমন্বয়ে প্রণোদনা বা ভর্তুকি দেওয়া জরুরি।-কৃষি অর্থনীতিবিদ জাহাঙ্গীর আলম খান তিনি বলেন, গতবার ভাড়া করা রিপার দিয়ে ধান কেটেছি, বিঘাপ্রতি ৮শ টাকা নিয়েছিল। মাড়াই বিঘাপ্রতি খরচ পড়েছিল ১ হাজার ৮শ টাকা। এখন তো ডিজেলের দাম বাড়লো, নিশ্চয় যন্ত্রের ভাড়া বাড়বে। সব মিলিয়ে এবার ধান উৎপাদনে প্রায় তিন হাজার টাকা বেশি খরচ পড়বে। খরচ বাড়লে কৃষকের লাভের মুখ দেখার সম্ভাবনা ক্ষীণ হয়ে যায়। চাষিরা বলছেন, এমনিতেই বর্তমানে ভারত থেকে চাল আমদানি চালু থাকায় আমন ধানের দাম কমেছে। ফলে আসন্ন বোরো ধানের ভালো দাম পাওয়া নিয়েও তারা শঙ্কায়। এর মধ্যে ডিজেলের মূল্যবৃদ্ধি কৃষকের জন্য 'মড়ার ওপর খাঁড়ার ঘা'। এসব বিষয়ে সাবেক কৃষি সচিব আনোয়ার ফারুক বলেন, 'স্বাভাবিকভাবে তেলের দাম বাড়লে এর প্রভাব সবকিছুতে পড়ে। এতে নিশ্চিতভাবে কৃষকের খরচ বড় আকারে বাড়লো। সাশ্রয়ীভাবে মাঠে থাকা বোরো ঘরে তোলা, মাড়াই ও পরিবহন বাধাগ্রস্ত হলো। ফলে চালের দাম বাড়বে।'

বোরহানউদ্দিনে মাদকের

মাগুরার ফেন্সিডিল মামলা ও রয়েছে। মাদকের বিরুদ্ধে কেউ প্রতিবাদ করলেই তাকে হত্যার হুমকি সহ ডিবি,পুলিশ সহ বিভিন্ন প্রশাসনিক দিয়ে ধরিয়ে দেবে এবং বিভিন্ন প্রকার হুমকি দেয়।এতে সাধারণ মানুষ আতংকে থাকে। এমনকি সেই মাদকের গডফাদার এবং সেই আবার নিজের অপরাধ ঢেকে রাখার কৌশল হিসেবে বিভিন্ন প্রশাসনের সোর্স হিসেবে ও কাজ করে। বিভিন্ন অপরাধের সর্দার হিসেবে হাতিয়ে নিচ্ছে লক্ষ লক্ষ টাকা। এছাড়াও, একই ইউনিয়নের খুরুল্লাকান্দির" নুরনবী (সর্দার বাড়ি) নামের আরেক ব্যক্তির বিরুদ্ধেও একাধিক মাদক মামলার তথ্য রয়েছে বলে স্থানীয়রা দাবি করেছেন। অভিযোগ থাকা সত্ত্বেও তার কার্যক্রম বন্ধ হয়নি বলেও অভিযোগ ওঠে। স্থানীয়দের ভাষ্যমতে, এসব ব্যক্তিদের নেতৃত্বে বিভিন্ন এলাকায় মাদক আড্ডা বসছে, যেখানে নিয়মিত মাদক সেবনের পাশাপাশি অসামাজিক কার্যকলাপও ঘটে থাকে। এতে করে এলাকার সার্বিক পরিবেশ দিন দিন অবনতির দিকে যাচ্ছে। এ পরিস্থিতির সবচেয়ে বড় শিকার হচ্ছে তরুণ ও যুবসমাজ। স্কুল-কলেজ পড়ুয়া অনেক শিক্ষার্থীও মাদকের দিকে ঝুঁকে পড়ছে, যা ভবিষ্যতের জন্য বড় ধরনের হুমকি হিসেবে দেখা দিয়েছে। একই সঙ্গে এলাকায় চুরি, ছিনতাইসহ অপরাধ প্রবণতাও বৃদ্ধি পাচ্ছে। এলাকাবাসীর অভিযোগ, অভিযুক্তদের প্রভাবের কারণে কেউ প্রকাশ্যে কথা বলতে সাহস পায় না। প্রতিবাদ করলেই হুমকি-ধমকির মুখে পড়তে হয় বলে জানিয়েছেন অনেকে। সচেতন মহলের দাবি, দ্রুত তদন্ত সাপেক্ষে দোষীদের আইনের আওতায় এনে এলাকায় স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনা জরুরি। এ বিষয়ে প্রশাসনের কঠোর হস্তক্ষেপ কামনা করেছেন স্থানীয়রা।

ভোলা জেনারেল হাসপাতাল: ২৫০ শয্যায় উন্নীত হলেও জনবল বাড়েনি

ভোলা প্রতিনিধি

চিকিৎসক, নার্স ও কর্মকর্তাসহ জনবলসংকটে মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে ভোলার ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের চিকিৎসাসেবা। এতে রোগীর চাপ সামাল দিতে হিমশিম খাচ্ছে হাসপাতাল কর্তৃপক্ষ। হাসপাতাল সূত্রে জানা গেছে, ২০১৯ সালে ১০০ শয্যার হাসপাতালটি ২৫০ শয্যায় উন্নীত করা হলেও এখনো সেই পুরোনো ১০০ শয্যার জনবল দিয়েই চলছে কার্যক্রম। প্রায় সাত বছরেও নতুন জনবল নিয়োগ না হওয়ায় চিকিৎসাসেবা থেকে বঞ্চিত হচ্ছে জেলার কয়েক লাখ মানুষ। হাসপাতাল ও সিভিল সার্জন অফিস সূত্রে জানা গেছে, ১০০ শয্যার হাসপাতালের জনবলকাঠামো অনুযায়ী চিকিৎসক, নার্স, কর্মকর্তাসহ মোট ১৭৯টি পদ রয়েছে। তার মধ্যেও ৭৬টি পদ শূন্য। বর্তমানে সিনিয়র কনসালট্যান্ট, জুনিয়র কনসালট্যান্ট, মেডিকেল অফিসার, অ্যানেসথেটিস্ট, রেডিওলজিস্ট, প্যাথলজিস্ট ও ইমার্জেন্সি মেডিকেল অফিসারের একাধিক পদ দীর্ঘদিন ধরে খালি রয়েছে। পাশাপাশি নার্সিং, মিডওয়াইফারিসহ গুরুত্বপূর্ণ বহু পদও শূন্য। আর ২৫০ শয্যার হাসপাতালের জনবলকাঠামো অনুযায়ী চিকিৎসক-নার্স, কর্মকর্তা ও কর্মচারীর অনুমোদিত পদসংখ্যা দুই শতাধিক থাকার কথা। এদিকে ১০০ শয্যার পুরোনো হাসপাতাল ভবনে প্রতিদিন গড়ে তিন শতাধিক রোগী ভর্তি থেকে চিকিৎসা নিচ্ছে। ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের নতুন ভবনেও প্রতিদিন বহু রোগীকে চিকিৎসা দিতে হচ্ছে। প্রতিদিন গড়ে সাড়ে ৫০০ রোগী ভর্তি থেকে চিকিৎসা নিচ্ছে। এর মধ্যে অধিকাংশই শিশু। এ ছাড়া বহির্বিভাগে প্রতিদিন গড়ে দেড় হাজার রোগী চিকিৎসাসেবা নিচ্ছে। ২৫ শয্যার শিশু ইউনিটে ধারণক্ষমতার কয়েকগুণ বেশি রোগী ভর্তি হওয়ায় বিপুলসংখ্যক শিশুকে চিকিৎসা দেওয়া হচ্ছে বারান্দার মেঝেতে। একেক শয্যায় রাখা হচ্ছে চার-পাঁচটি শিশু। চিকিৎসক-নার্সরা এত রোগীর চিকিৎসাসেবা দিতে হিমশিম খাচ্ছেন। এ ছাড়া অস্বাস্থ্যকর মেঝে এবং এক শয্যায় একাধিক শিশুর চিকিৎসা করাতে গিয়ে সুস্থ হওয়ার পরিবর্তে সংক্রমিত হচ্ছে হাম, ডায়রিয়াসহ নতুন নতুন রোগে। এতে বাড়তি বিড়ম্বনা পোহাতে হচ্ছে রোগীর স্বজনদের। এমন অস্বাস্থ্যকর পরিবেশে চিকিৎসা দেওয়ায় ক্ষুব্ধ রোগীর স্বজনেরা। তাঁদের দাবি, দ্রুত সময়ের মধ্যে জনবলসংকট দূর করে চিকিৎসাসেবা দেওয়া হোক। এর আগে ফিল্ম না থাকায় হাসপাতালটিতে এক্স-রে সেবা বন্ধ ছিল এক বছরের বেশি সময়। 'এক্স-রে ফিল্ম না থাকার কারণে এক্স-রে কার্যক্রম সাময়িকভাবে বন্ধ' এমন লেখা সেঁটে দেওয়া হয়েছিল ভোলা ২৫০ শয্যার জেনারেল হাসপাতালের এক্স-রে কক্ষের সামনে। কক্ষটি তালাবদ্ধ ছিল। ফলে চরম ভোগান্তি পোহাতে হচ্ছিল রোগীদের। সবচেয়ে বেশি বিপাকে পড়তে হয়েছে হাত ভাঙা রোগীদের। পরে এ নিয়ে সংবাদ প্রকাশিত হলে এক্স-রে সেবা পুনরায় চালু হয়। ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক মো. তৈয়বুর রহমান বলেন, 'জনবল স্বল্পতার কারণে ২৫০ শয্যার হাসপাতালের কার্যক্রম চালাতে হিমশিম খেতে হচ্ছে।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ সোমবার ॥ ২০ এপ্রিল ২০২৬ ॥ ০৭ বৈশাখ ১৪৩৩

ইরানে যুদ্ধবিমান ভূপাতিতের খবরে কয়েক ঘণ্টা চিৎকার করেন ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক

ইরানে একটি সামরিক অভিযানের সময় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে সরাসরি যুদ্ধকক্ষের আপডেট থেকে দূরে রাখা হয়েছিল বলে জানিয়েছে ওয়াল স্ট্রিট জার্নাল। একজন জ্যেষ্ঠ প্রশাসনিক কর্মকর্তার বরাতে প্রতিবেদনে ৩ এর পাতায় দেখুন

শেষ নিঃশ্বাস পর্যন্ত লড়াইয়ের হুমকি ইরানের সেনাবাহিনীর

কীর্তনখোলা ডেস্ক

দেশের স্বাধীনতা, ভৌগোলিক অখণ্ডতা এবং স্থল, আকাশ ও সমুদ্রসীমার নিরাপত্তা অব্যাহত রাখার অঙ্গীকার করেছেন ইরানের সেনাবাহিনীর প্রধান আমির হাতামি। তিনি বলেছেন, শত্রুর মোকাবিলায় ইরানের সামরিক বাহিনীর ৩ এর পাতায় দেখুন



পটুয়াখালীতে ঘোড়ায় চড়িয়ে শিক্ষকের রাজসিক বিদায়

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর জৈনকাঠি মাধ্যমিক বিদ্যালয়ের প্রাথমিক শাখার শিক্ষক ফোরকান তালুকদার দীর্ঘ ৩৭ বছরেরও বেশি সময় ধরে শিক্ষকতা পেশায় যুক্ত থাকার পর অবসরে গেছেন। কর্মজীবনের শেষ দিনে তাকে ঘোড়ায় চড়িয়ে বাদ্যযন্ত্রের সঙ্গে বিদ্যালয় প্রাঙ্গণ থেকে বিদায় জানানো হয়। পরে ঘোড়ায় করেই তাকে বাড়ি পৌঁছে দেন শিক্ষার্থীরা। এসময় শতাধিক শিক্ষার্থী, সহকর্মী ও স্থানীয়রা উপস্থিত ছিলেন।বিদ্যালয় সূত্রে জানা যায়, সাবেক শিক্ষার্থীদের সংগঠন 'তারুণ্য' এই ব্যতিক্রমী বিদায়ি অনুষ্ঠানের আয়োজন করে। শিক্ষক ফোরকান তালুকদার নিজেও এই বিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী ছিলেন। সাবেক শিক্ষার্থী বশির উদ্দিন বলেন, স্যারের পড়ানো এখনো আমাদের মনে আছে। তিনি শুধু শ্রেণিকক্ষে পড়াতেন না, বিকেলে আমাদের বাড়িতে গিয়ে খোঁজ নিতেন আমরা ঠিকমতো পড়ছি কিনা। তার মতো শিক্ষক পাওয়া সত্যিই ভাগ্যের ৩ এর পাতায় দেখুন

এবার এসএসসি পরীক্ষার্থী সবচেয়ে কম বরিশালে

কীর্তনখোলা রিপোর্ট

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষায় সবচেয়ে বেশি পরীক্ষার্থী ঢাকা বোর্ডে এবং সবচেয়ে কম শিক্ষার্থী বরিশালে বোর্ডে। ঢাকা বোর্ডে ৩ লাখ ৬৬ হাজার ৬৫০ জন পরীক্ষার্থী। বরিশাল বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ৮১ হাজার ৮৩১ পরীক্ষার্থী। রোববার (১৯ এপ্রিল) আন্ত:শিক্ষা বোর্ডের একটি এ তথ্য নিশ্চিত করেছে। সূত্র মতে, ঢাকা বোর্ডে মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ১ লাখ ৬৯ হাজার ৯৩৯ জন, ছাত্রী ১ লাখ ৯৬ হাজার ৭১১ জন। এ বোর্ডে মোট কেন্দ্র রয়েছে ৫১০টি। পরীক্ষায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান ৩ হাজার ৪৪১টি। অপরদিকে বরিশাল বোর্ডের মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ৩৭ হাজার ৯৪৪ জন, ছাত্রী ৪৩ হাজার ৮৮৭ জন। এ বোর্ডে মোট কেন্দ্র রয়েছে ৩ এর পাতায় দেখুন

বরিশালে আমান ফরেইন ল্যাংগুয়েজ সেন্টারের ক্যারিয়ার সেমিনার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে আমান ফরেইন ল্যাংগুয়েজ সেন্টারের ক্যারিয়ার বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ১৮ এপ্রিল শনিবার বিকেল ৪টায় নগরীর সিঅ্যান্ডবি কাজিপাড়া পশ্চিম বগুড়া মসজিদ কমপ্লেক্স ও পাঠাগার মিলনায়তনে অনুষ্ঠিত সেমিনারে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ জুনায়েদ। সেমিনারে আমান ফরেইন ল্যাংগুয়েজ সেন্টার থেকে জাপানে যাওয়ার জন্য মনোনীত দু'জন কৃতি শিক্ষার্থীকে সংবর্ধনা ও ক্রেস্ট প্রদান ৩ এর পাতায় দেখুন

দাম বাড়লেও কমেনি ভিড়, বরিশালের পেট্রোল পাম্পে দীর্ঘ লাইন

কীর্তনখোলা রিপোর্ট

ভোক্তা পর্যায়ে জ্বালানি তেলের দাম বৃদ্ধির পরও বরিশালের পেট্রোল পাম্পগুলোতে যানবাহনের দীর্ঘ লাইন কমছেই না। রোববার সকাল থেকে তেল নিতে নগরীর পাম্পগুলোতে ভিড় করছেন যানবাহন চালকরা। বর্তমানে নগরীর হাতে গোনা কয়েকটি পেট্রোল পাম্পে জ্বালানি তেল সরবরাহ করা হচ্ছে। এসব পাম্পে রেশনিং পদ্ধতিতে তেল দেওয়া হচ্ছে মোটরসাইকেলে ৩০০ টাকা, মাহিন্দ্রায় ৫০০ টাকা এবং প্রাইভেটকারে ১ হাজার টাকার তেল দেওয়া হচ্ছে। হঠাৎ করে ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে ট্রলারঘাটে নেই সিঁড়ি, ভোগান্তিতে যাত্রীরা

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালী উপজেলার লঞ্চঘাট সংলগ্ন সন্ধ্যা নদীর তীরের গুরুত্বপূর্ণ ট্রলার ঘাটটিতে দীর্ঘদিন ধরে কোনো সিঁড়ি নেই। ফলে চরম ভোগান্তি ও জীবনের ঝুঁকি নিয়ে খাড়া পাড় বেয়ে ট্রলারে ওঠানামা করতে হচ্ছে কয়েক হাজার মানুষকে। সরেজমিনে দেখা যায়, ঘাটটিতে কোনো পাকা সিঁড়ি বা নিরাপদ অবকাঠামো না থাকায় যাত্রীদের কাদামাটি ও পিচ্ছিল ঢাল বেয়ে ট্রলারে উঠতে হয়। বিশেষ করে নারী, শিশু ও বয়স্কদের জন্য এই যাতায়াত অত্যন্ত কষ্টসাধ্য ও ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। সামান্য ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন উপলক্ষে সভা

গৌরনদী প্রতিনিধি

হাম-রুবেলা ক্যাম্পেইন উপলক্ষে বরিশালের গৌরনদীতে উপজেলা পর্যায়ে সমন্বয় সভা ও শিক্ষকদের নিয়ে ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে রোববার বেলা এগারটায় স্বাস্থ্য কমপ্লেক্সের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক মো. ইব্রাহীম। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ডা. ফকরুল ইসলাম মৃধার সভাপতিত্বে ও হাসপাতালের পরিসংখ্যানবিদ নিজামুল ইসলামের সঞ্চালনায় বক্তব্য রাখেন উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. ইসতিয়াক ইবনে বাহার, ডা. ভবনন্দ বাড়ৈ, মডেল থানার এসআই সৌমেন বিশ্বাস, গৌরনদী প্রেসক্লাবের সাবেক ৩ এর পাতায় দেখুন

বোরহানউদ্দিনে মাদকের বিস্তার: যুবসমাজ বিপথে

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলার বোরহানউদ্দিন উপজেলায় মাদকের ভয়াল থাবায় বিপর্যস্ত হয়ে পড়ছে সামাজিক পরিবেশ। এক সময়ের শান্ত এই জনপদ এখন ইয়াবা ও গাঁজার সহজলভ্যতায় উদ্বেগজনক অবস্থায় পৌঁছেছে। স্থানীয়দের অভিযোগ, প্রভাবশালী কিছু ব্যক্তির ছত্রছায়ায় এই অবৈধ ব্যবসা দীর্ঘদিন ধরে চলমান। উপজেলার ৪ নং কাচিয়া ইউনিয়নের ৬ নং ওয়ার্ডে "মোঃ সিরাজ, পিতা জাহাঙ্গীর" নামের এক ব্যক্তির বিরুদ্ধে ইয়াবা ও গাঁজা বিক্রির অভিযোগ উঠেছে। স্থানীয় সূত্রে জানা যায়, তিনি কাচিয়া ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের কৃষক দলের সাধারণ সম্পাদক । অভিযোগ রয়েছে, তার বসতবাড়ির আশপাশে প্রকাশ্যেই দির্ঘদিনধরে মাদক বিক্রি করে। গোপন সুত্রে জানাযায় তার বিরুদ্ধে একাধিক মাদক মামলা রয়েছে তার বিরুদ্ধে ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে ১৯ স্লুইসগেট অকেজো জলাবদ্ধতা ও ভাঙনে বিপর্যস্ত কৃষি-জনজীবন

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরের জিয়ানগর উপজেলায় কোটি টাকা ব্যয়ে নির্মিত স্লুইসগেটগুলো রক্ষণাবেক্ষণের অভাবে এখন জনদুর্ভোগের কারণ হয়ে দাঁড়িয়েছে। উপজেলার কঁচা ও বলেশ্বর নদসংলগ্ন বেড়িবাঁধ এলাকায় অন্তত ১৯টি স্লুইসগেট ভেঙে পড়েছে বা সম্পূর্ণভাবে অকেজো হয়ে রয়েছে। ফলে জোয়ার-ভাটার পানি নিয়ন্ত্রণ ব্যাহত হয়ে ফসলি জমি প্লাবিত হচ্ছে এবং গ্রামীণ অবকাঠামো হুমকির মুখে পড়ছে। সরেজমিনে দেখা গেছে, বেশ কয়েকটি স্লুইসগেটের কপাট ভেঙে গেছে, আবার কোথাও মরিচা পড়ে গেট ওঠানো-নামানো সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে। এতে জোয়ারের সময় নদীর পানি অনিয়ন্ত্রিতভাবে ঢুকে কৃষিজমি প্লাবিত করছে। রবিশস্যসহ ৩ এর পাতায় দেখুন

তালতলীতে বিদ্যুৎস্পৃষ্টে ছেলের মৃত্যু, বাবা হাসপাতালে

বরগুনা প্রতিনিধি

বরগুনার তালতলীতে গাছ কাটতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে বাবা-ছেলে গুরুতর আহত হন। এ ঘটনায় সোহেল খান (৩২) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। আহত অবস্থায় তার বাবা আব্দুল আজিজ খানকে আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। তার অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। রবিবার (১৯ এপ্রিল) সকালে উপজেলার উত্তর কড়াইবাড়িয়া গ্রামে এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, সকালে রান্নাঘর নির্মাণের জন্য বাড়ির পাশে একটি গাছ কাটছিলেন সোহেল খান। গাছটি বিদ্যুতের লাইনের খুব কাছাকাছি থাকায় এবং বিদ্যুৎ সংযোগ বন্ধ না করেই গাছ কাটার সময় সেটি লাইনের ওপর পড়ে যায়। এতে সোহেল খান বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই গুরুতর আহত হন। এ সময় তাকে উদ্ধার করতে এগিয়ে ৩ এর পাতায় দেখুন

এসএসসি পরীক্ষার্থী ছাত্রীকে অপহরণ, থানায় লিখিত অভিযোগ

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়ায় এসএসসি পরীক্ষার্থীকে অপহরন করেছে এইচএসসি পরীক্ষার্থী। এঘটনায় থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। পুলিশ ঘটনাস্থল পরিদর্শণ করেছে। অভিযোগ সূত্রে জানা

গেছে, উপজেলার গৈলা ইউনিয়নের উত্তর শিহিপাশা গ্রামের সুমন সরদারের মেয়ে ও সরকারী গৈলা মডেল মাধ্যমিক বিদ্যালয়ের চলতি বছরের এসএসসি পরীক্ষার্থী সামিয়া আক্তার দোলাকে স্কুলে আসা যাওয়ার পথে প্রেমের প্রস্তাব দিয়ে আসছিল কালুপাড়া গ্রামের মাসুম মোল্লার ছেলে এইচএসসি পরীক্ষার্থী আবিদ মোল্লা। এমনকি দোলার ছবি ব্যবহার করে এআই দিয়ে বিভিন্ন ধরনের টিকটক বানিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছেড়ে দিয়ে সমাজে তাদের সুনাম ক্ষুন্ন করেছে। তার প্রেমের প্রস্তাবে রাজি না হওয়ায় ৩ এর পাতায় দেখুন

বাবুগঞ্জে কীটনাশকের দোকানে মিললো ২ হাজার লিটার জ্বালানি তেল

বাবুগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাবুগঞ্জে সার ও কীটনাশকের দোকানে অবৈধভাবে মজুত করা দুই হাজার লিটার জ্বালানি তেল জব্দ করেছে উপজেলা প্রশাসন। রোববার (১৯ এপ্রিল) সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত উপজেলার আগরপুর বাজার এলাকায় যৌথ অভিযান চালিয়ে এসব জ্বালানি তেল জব্দ করা হয়। জানা যায়, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার (এনএসআই) তথ্যের ভিত্তিতে উপজেলার আগরপুর বাজার এলাকায় অভিযান পরিচালনা করেন বাবুগঞ্জ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কামরুন্নাহার তামান্না। এ সময় মেসার্স সুমন স্টোরের স্বত্বাধিকারী নুরুল ইসলামের দোকানে দুই হাজার লিটার জ্বালানি তেল পাওয়া যায়। পরে জব্দকৃত ২ হাজার লিটার ডিজেল ও অকটেন সরকার নির্ধারিত দামে ২ লাখ ৩ এর পাতায় দেখুন

বানারীপাড়ায় ভোজ্য তেল মজুত করায় দুই ব্যবসায়ীকে জরিমানা

বানারীপাড়া প্রতিনিধি

বরিশালের বানারীপাড়ায় ভোজ্য তেল মজুত ও বিভিন্ন অনিয়মের প্রমাণ পাওয়ায় দুই ব্যবসায়ীকে পৃথক ৪০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। রোববার (১৯ এপ্রিল) দুপুরে বানারীপাড়া পৌর শহরের বন্দরে উপজেলা প্রশাসন, র‍্যাব ও পুলিশ সদস্যরা যৌথভাবে এ অভিযান পরিচালনা করে জরিমানা করেন। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, অস্বাস্থ্যকর পরিবেশে ২৬০০ লিটার ভোজ্য তেল সংরক্ষণ করায় পৌর শহরের বন্দরের ব্যবসায়ী মো. ইদ্রিসকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া পরান সাহা স্টোরে ৮ হাজার ৩ এর পাতায় দেখুন

সড়ক দুর্ঘটনায় ববি শিক্ষার্থী আহত ৪ লাখ টাকা ক্ষতিপূরণ প্রদান

ববি প্রতিনিধি

বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী তামিম সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হওয়ার ঘটনায় ৪ লাখ টাকা ক্ষতিপূরণ প্রদান করেছে ট্যাংকলরি মালিক সমিতি। রোববার (১৯ এপ্রিল) বিকেলে বিশ্ববিদ্যালয় প্রশাসনের মধ্যস্থতায় এই মীমাংসা হওয়ার পর শিক্ষার্থীরা তাদের আন্দোলন ও সড়ক ৩ এর পাতায় দেখুন

গভীর রাতের অভিযানে মেঘনায় ১৩ জেলে আটক

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

বরিশালের মেহেন্দীগঞ্জে গভীর রাতে মেঘনা নদীতে যৌথ অভিযানে ১৩ জেলেকে আটক করেছে প্রশাসন। শনিবার দিবাগত রাত ১টার দিকে উপজেলার কালীগঞ্জ এলাকায় হিজলা ও মেহেন্দীগঞ্জ উপজেলা প্রশাসন ও নৌ পুলিশ এই যৌথ অভিযান চালায়। এ সময় পাঙাশের পোনা ও জাটকা ইলিশ ধ্বংসকারী বেহুন্দি জাল ও কারেন্ট জাল জব্দ করা হয়। হিজলা জ্যেষ্ঠ উপজেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ আলম রোববার সকালে এই তথ্য জানিয়েছেন। হিজলা উপজেলা মৎস্য দপ্তর থেকে জানা গেছে, গত ১ মার্চ থেকে ৩০ এপ্রিল পর্যন্ত মৎস্য অভয়াশ্রমে মাছ ধরায় নিষেধাজ্ঞা দেয় সরকার। সরকারের নিষেধাজ্ঞা অমান্য করে অসাধু জেলেরা রাতের আঁধারে ৩ এর পাতায় দেখুন

বোরহানউদ্দিনে মাদকসহ দুই যুবক আটক

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলায় অভিযান চালিয়ে মাদকসহ দুই যুবককে আটক করেছে পুলিশ। রোববার (১৯ এপ্রিল) দুপুরে বোরহানউদ্দিন উপজেলার পক্ষিয়া ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড এলাকায় এই অভিযান চালানো হয়। আটক ব্যক্তিরা হলেন ওই গ্রামের মৃত মোসলেমের ছেলে মো. আবদুল কাদের (৩৬) ও একই গ্রামের মৃত আব্দুর রবের ছেলে মো. সবুজ (৩৬)। বোরহানউদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুজ্জামান এই তথ্য নিশ্চিত করেছেন। ওসি জানান, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ রোববার দুপুর ১২টার দিকে বোরহানউদ্দিন উপজেলার পক্ষিয়া ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড এলাকায় মাদকবিরোধী অভিযান চালায়। অভিযান চলাকালে ওই এলাকায় তল্লাশি করে ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় তেল ব্যবসায়ীকে ১০ হাজার টাকা জরিমানা

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়া চরখালী বাসস্ট্যান্ড এলাকায় সরকার বর্তমান নির্ধারিত মূল্যের চেয়ে অতিরিক্ত দামে জ্বালানি তেল বিক্রির অপরাধে এক ব্যবসায়ীকে ১০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। গতকাল রবিবার দুপুর দেড়টার দিকে উপজেলার চরখালী বাসস্ট্যান্ডের ফয়সাল এন্টারপ্রাইজ এ অভিযান চালিয়ে এই দণ্ডাদেশ প্রদান করা হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট ভাণ্ডারিয়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও উজ্জল হালদার। আদালত সূত্র জানা যায় ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় তার চুরির অভিযোগে গ্রেপ্তার ১

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়া পৌরসভা এলাকায় বিভিন্ন বাসা-বাড়ি ও বৈদ্যুতিক খুঁটি থেকে সংযোগের তার চুরির সাথে জড়িত এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল রবিবার আনুমানিক সকাল সাড়ে ৯টার দিকে পৌর এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত কাজী আশফাকুজ্জামান জয় (৪০) ভাণ্ডারিয়া পৌরসভার ২ নম্বর ওয়ার্ডের স্টিমারঘাট এলাকার মৃত কাজী আনিসুজ্জামানের ছেলে। জানা পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায় ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা। সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা। সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com